আর সর্বাপাপ রাহিত্যাদি ধর্মাও ঈশব ব্যতীত সম্ভবে না ৷
ঐশব্য মর্যাদা প্রভৃতি যাহা উক্ত হইয়াছে তাহা উপাধি
ধর্মা ৰূপে ঈশবেতেও সম্ভব হয়, অতএব ঈশবই আদিত্যান্তর্গত হির্মায় পুরুষ 1 ৭ 1

অন্তমাধিকরণ

পূর্ব্বাক্ত হিরগ্নয় বাক্যের পর বাক্যে শালাবত্য মহ-র্ষির প্রশো্তে প্রবাহন রাজা উত্তর করেন, যে আকাশই সকল লোকের আধার, সমুদায় ভূত আকাশ হইতে উৎপন্ন হয়, আকাশেতে বিলীন হয়, আকাশই সমৃদায় হইতে শ্রেষ্ঠ, এবং আকাশই প্রমগতি ৷ এস্থলে আ-কাশ শব্দে ভূতাকাশ কি পর্বুক্ষ উক্ত হয় ? এই ৰূপ সন্দে-হে, সর্বভূতের লয় ও উৎপত্তি ভূতাকাশে সম্ভব হেতু তাহাই প্রথমতঃ স্থির করা যায়। ইহা পূর্ববপক্ষ। এত-দ্বিষয়ে যিদ্ধান্ত করিতেছেন, পরবুদ্ধই এস্থলে **আকাশ** শব্দের বাচ্য হয়েন, যেহেতু সর্বভূতোৎপত্তি স্বীকার -করাতে বিয়ৎ সহিত সকল ভূতের উৎপত্তিই অঞ্চীকা-র করা, হইয়াছে, আর কেবল আকাশ হইতেই সর্ব-ভূত উৎপন্ন হয় ইহা বলাতে সুতরাং সহকারি কারণা-ন্তর নিরাক্ত হইয়াছে, তাহা বিয়ৎ পক্ষে কখনই সম্ভব হয় না, যেহেতু ঘটোৎপত্তিতে বিয়ৎ ভিন্ন সৃত্তিকাদি

কারণান্তর দৃষ্ট হয়, কিন্তু বুক্ষ পক্ষে সে সকলই সঞ্চত হয়, অতএব প্রবুক্ষই এস্থলে আকাশ শব্দ বাচ্য হ-য়েন ৷ ৮ ৷

ন্য মাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের প্রথমাধ্যায়ে প্রস্তাব সাম উপাসনায় প্রস্তোতার প্রশ্যেত উষস্তি ঋষি প্রত্যুত্তর প্রদান করেন, যে প্রাণই প্রস্তাবের দেবতা, এই ভূত সকল সেই প্রাণেতেই অভিনিবেশ করে এবং সেই প্রাণ হইতেই. উদ্ভূত হয়, সেই প্ৰাণ দেবতাই প্ৰস্তাবেতে অনুগত ৷ ইহাই এ অধিকরণের বিচার যোগ্য বাক্য। এস্থলে সেই প্রাণ শব্দে নাশিকান্তর্ব্বর্তি বায়ু উক্ত হয় কি পরবুদ্ধ কথিত হয়েন? এইৰূপ সংশয় উপস্থিত হইলে প্ৰথমতঃ ইহাই প্রতীত হয়, যে বায়ুই এস্থলে প্রাণ শব্দের বাচ্য, সুবুপ্তি কালে ইন্দ্রিয় সকল তাহাতে বিলীন হওয়াতে ভূতের অভিনিবেশ তাহাতেই সুসঞ্চ বলা যায়। ইহা পূর্বাপক। এই প্রকার পূর্বাপক্ষের দোঘের নিরাকরণ পূর্বাক সিদ্ধান্ত করিতেছেন। কেবল ইন্দিয় মাত্রের বিলয় 'স্বীকার করিয়া প্রাণ শব্দে বায়ু গ্রহণ করিলে সর্ব্বে শব্দ ব্যর্থ হয়, অতএব পূর্ব্বেক্তি আকাশ শব্দের ন্যায় প্রাণ শব্দও বুন্ধ বাচক ৷ অন্যান্য শ্ৰুতিতেও স্পাৰ্যৰূপে প্ৰাণ শব্দে বুদ্ধ উক্ত হইয়াছেন, যথা প্রাণের প্রাণ ইত্যাদি ॥ ৯ ॥

দশমাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের তৃতীয় অধ্যায়ে গায়ত্রী বিদ্যাতে **ছদ্**য়াকাশ জ্যোতির উপাসনা উপলক্ষ করিয়া **উক্ত হই**-शारह, य এই আকাশে य জ্যোতি দেদীপানান আছে ইহাই উপাস্য৷ এস্থলে ছ্যুলোকেতে দীপ্যমান উপাস্য জ্যোতি কাৰ্যাৰূপ তেজঃপদাৰ্থ, কি পূৰ্ব্ন ? এই প্ৰকার সন্দেহে কাৰ্য্যৰূপ তেজই প্ৰথমতঃ প্ৰতীত হয়,যেহেতু তাহা-বই লক্ষণ সকল এম্বলে উক্ত হইয়াছে, এবং পরবন্ধের -এস্থলে কোন সম্বন্ধ নাই।ইহা পূর্ত্তাপক্ষ । ইহার সিদ্ধান্ত ক-রিতেছেন,বুকোর এস্থলে সয়ন্ধ নাই ইহা অতি অকিঞ্ছিৎকর বাক্যা, যেহেতু এ সমুদায়ই পরবৃদ্ধের প্রকরণ, আর বুদ্ধের সর্বাবভাসকত্ব প্রযুক্ত জ্যোতিঃ শব্দের প্রবৃত্তি তাঁহাতে অনুপপন্ন নহে, এবং তেজের যে সকল লক্ষণ এস্থলে উক্ত হইয়াছে তাহাও উপাধিকৰূপে সম্ভূত হয়, অতএব পর্বুন্ধ জ্যোতিঃ শব্দের বাচ্য হয়েন ৷ ১০ ৷

একাদশাধিকরণ

কোঁশীতকি উপনিষদে ইন্দ্র প্রতর্দন সংবাদে প্রত- দৈনের প্রতি ইন্দ্রের উপদেশ, যে আমি প্রাণ ও প্রস্তা স্বক্রপ; জুমি আমাকে অমৃতক্রপে উপাসনা কর ৷ এই
বিষয় বাক্যেতে চারি প্রকার সংশয় হয়, অর্থাৎ এই
প্রাণ শব্দ কি বায়ু প্রতিপাদক, কি ইন্দ্র বাচক, কি জীববোধক, কি বুদ্ধা বাচক ? এই প্রকার সংশয়ে কোন প্রবল প্র

প্রমাণের অভাব হেতু কিছুই নির্ণয় হয় না। ইহা পূর্বাপকা। ইহার সিদ্ধান্ত এই যে এস্থলে বুদ্ধারই অনেক প্রমাণ প্রাপ্ত হওয়া যায়, তাহা অন্য পক্ষত্রয়েতে সম্ভব হয় না, আর বায়ু প্রভৃতির যে সকল প্রমাণ আছে তাহাও বুদ্ধাতে সম্ভত হয়, অতএব এস্থলে বুদ্ধাই প্রাণ শব্দের প্রতিপাদ্য হয়েন, তাহার সন্দেহ নাই। ১১।

रें ि अथमाधार्य अथमणाम ।

প্রথমাধ্যায়ে দ্বিতীয়পাদ

প্রথমাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের তৃতীয় অধ্যারে শাণ্ডিল্য বিদ্যাতে উক্ত হইয়াছে, যিনি মনোময়, ও প্রকাশ স্থানপ, এবং
প্রাণ যাঁহার শরীর, তিনিই উপাস্য। এ বাক্যের প্রতিপাদ্য জীব কি ঈশ্বর? এইরপ সন্দেহ হইলে গ্রামতঃ
জীবকেই উপাস্য রূপে নির্দ্দিত্ত করা যার, যে হেতু মনের
বিকাররূপ সম্বন্ধ জাবেতেই সুসক্ষত হয়, আর মনঃ প্রাণ
বর্জিত ঈশ্বরেতে তাহা সক্ষত হয় না, এবং হুদরে অবস্থিতি ও অণু পরিমাণ্ড কথনই ঈশ্বরেতে সম্ভূত নহে,
সুত্বাং এস্থলে জীবই উপাস্য। ইহা পূর্ব্বেপফ। উক্ত
পূর্ব্ব প্রের দোষ সকল নিরাকরণ পূর্ব্বক সিদ্ধান্ত করিতেছেন, 'এই সমৃদার জগৎ কেবল ব্রন্ধ মাত্র' এই প্রকার সম
বিধি পর পূর্ব্বা বাক্যেতে উক্ত যে পরব্রন্ধ ভিনিই উপাস্য,
তাহাতে মনোমর প্রভৃতি বিশেষণ সকল অসম্ভূত নহে,
যেহেতু সোপাধিক পরব্রন্ধেতেই উপাস্যরূপে চিন্তা ঘারা

তাহা উপপন্ন হয়। অতএব সকল বেদান্তে যে পরব্রহ্ম উপাস্য ৰূপে উক্ত হইয়াছেন তিনিই এস্থলে উপাস্য হয়েন।। ১।।

দ্বিতীয়াধিকরণ

কঠোপনিষদের দ্বিতীয় বল্লীর শেষে উক্ত হইয়াছে, যে ব্ৰাহ্মণক্ষত্ৰিয় প্ৰভৃতি জাতি সকল যাঁহার অন্ন স্বৰূপ এবং মৃত্যু ঘাঁহার উপসেচন স্বৰূপ, সেই পুরুষ কোথায় থাকেন তাহা কেহই জানে না৷ এস্থলে অন্ন এবং উপদেচন শব্দ থাকাতে কোন এক ভক্ষক পুরুষ প্রতীত হইতেছে, তাহাতে সেই ভক্ষক জীব, কি অগ্নি, কি ঈশ্বর ? এইৰূপে সন্দেহ উপস্থিত হইলে প্রথমতঃ জীবকেই গ্রহণ করিতে হয়, কারণ জীবের কর্মাফল ভোক্তৃত্ব শ্রুতিতে প্রাপ্ত হওয়া যায়। অথবা অগ্নিকে ভোক্তা বলা যায়, যেহেতু অগ্নিরও ভোক্তৃত্ব আছে৷ ইহাপুর্বেপক। ইহার সিদ্ধান্ত এই যে ব্রাহ্মণ ক্ষত্রিয় শব্দে এস্থলে সমুদায় জগৎ লক্ষিত হয়, অতএব তাদৃশ ভোজ্যের ভোক্তা ঈশ্বর ব্যতিরেকে সম্ভব হয় না, 'আর নচিকেতার ঈশ্বর বিষয়ক প্রশে যম তাহাই উত্তর দিয়াছেন,অতএব ঈশ্বরই এস্থলে প্রতিপাদ্য হয়েন ॥২॥

তৃতীয়াধিকরণ

কঠোপনিষদের তৃতীয় বল্লীর প্রথমেতে উক্ত হই-য়াছে যে সুক্ত কম্মের ফলভূত যে ব্রাহ্মণাদি শরীর তাহাই

পরত্রন্ধের পরম উপলব্ধি স্থান, তাদৃশ শরীরের মধ্যে অবস্থিত হৃদ্য় পুণ্ডরীকে প্রবিষ্ট, কর্মানল ভোজী, ছায়া ও আতপের ন্যায় পরস্পার বিরুদ্ধ স্বভাব তুই পুরুষ আছেন। তাঁহারা ছই জন কি বুদ্ধি ও জীব, বা জীব ও ঈশ্বর? এইৰপ সন্দেহ হইলে প্ৰথমতঃ বুদ্ধিও জীবকেই স্বীকার করিতে হয়, যে হেতু পরিচ্ছিন্ন স্বভাব বুদ্ধি জীবের হৃদয় পু ওরীকে প্রবেশ সম্ভব হয় এবং জড় ও চেতন ৰূপে বৈল-ক্ষণাও স্বীকার করা যায়। ইহা পূর্ব্বপক্ষ। এই সকল পূর্ব্বপক্ষের সিদ্ধান্ত করিতেছেন, উক্ত বিষয় বাক্যেতে যে দ্বিচন আ্ৰে ভাহাতে ছুই চেতন পদাৰ্থ প্ৰতীত হই-তেহে, অতএব চেতন স্বৰূপ জীব ও ঈশ্বর এই উভযই এ বাক্যের প্রতিপাদ্য হয়েন, তত্ত্বরের চেতনত্ব সমান হই-লেও সোপাধিক ও নিক্রপাধিক রূপে বৈলক্ষণ্য সম্ভব रुत्र ॥ ७॥

চতুর্থাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের চত্র্যাধ্যারে উপকোশন বিদ্যাতে উপকোশনের প্রতি সত্যকাম ঋষি উপদেশ করিয়াছেন, হে উপকোশন। চক্ষুর অন্তর্গত যে পুরুষ দেখিতেছ, ইনিই পরমাত্মা, ইনি অমৃত ও অভয়, ইনিই ব্রহ্ম।
এই বিষয় বাক্যেতে চারি প্রকার সংশয় উপস্থিত হইলে
প্রথমতঃ প্রসিদ্ধ ছায়া পুরুষকেই এ বাক্যের প্রতিপাদ্য
বলা যায়। অথবা জীবকেই স্বীকার করা যায়, যেহেতু রূপ

দর্শন সমরে চক্ষুতে তাঁহার অবস্থিতি হয়। কিয়া আদিত্যাদি দেবতার চক্ষু প্রবেশ হেতু তাঁহাকে দেবতা বলা
যায়। অতএব ছারা,বা জীব,বা দেবতা, ইহার মধ্যে যে কেহ
হউক ঐ বাকোর প্রতিপাদ্য হয়েন। ইহা পূর্ব্বপক্ষ। উক্ত পূর্ব্বপক্ষার দোষের সমাধান পূর্বক সিদ্ধান্ত করিতেছেন।
যেহেতু সুথ স্বৰূপ পরব্রন্ধ আকাশের ন্যায় পরিপূর্ণ ইহা
পূর্ব্ব বাক্যে ব্যক্ত করিয়া তাঁহাকেই চক্ষুতে উপাস্য ৰূপে
উপদেশ করিয়াছেন আর জগদ্যাসক্রাদি গুণ সকল পর-ব্রন্ধ ব্যতিরেকে সন্তব হর না, অতএব এস্থলে ছাল বা জীব
বা অন্য কোন দেবতা উপাস্য নহেন, পরব্রন্ধই এস্থলের
উপাস্য ৷৷ ৪ ৷৷

পঞ্চমাধিকরণ

বৃহদারণাক উপনিষদের পঞ্চমাধ্যায়ে যাজ্ঞবক্তা ঋষি
উদ্ধালকের প্রতি উপদেশ করিষাছেন, যিনি পৃথিবীর
অন্তরে থাকিয়া ভাহাকে যথোপযুক্ত কর্মে নিয়োগ করেন,
সেই অন্তর্যামি অমৃত পুরুষ তোমার আত্মা। এই বাক্যেতে তিন প্রকার সংশয় উপস্থিত হয়, অর্থাৎ এস্থলে
স্বকার্যোর নিয়ামক প্রধান অন্তর্যামী, বা অনুষ্ঠিত কর্মের
কলের উৎপাদয়িতা জীব অন্তর্যামী, বা ঈশ্বর অন্তর্যামী,
এই প্রকার সন্দেহেতে প্রধান বা জীব এ উভয়ের মধ্যে
অন্যতরকে অন্তর্যামি বলিয়া নিরূপণ করা যায়। ইহা পূর্ব্বপক্ষ । উক্ত পূর্ব্বপক্ষের সিদ্ধান্ত করিতেছেন, এস্থলে

উক্ত যে অন্তর্যামী তাঁহার জীবের সহিত তাদায়া ও সর্বাব্যাপিত্ব ক্রতিতে ব্যক্ত আছে, তাহা কথন ই প্রধানের বা জীবের সম্ভব হয় না, অতএব ঈশ্বরই এস্থলে অন্তর্যামি শব্দের বাচ্য হয়েন, প্রধান বা জীব তাহা নহেন !! ৫ !!

য ঠাধিকরণ

মৃত্তক উপনিষদে উক্ত হইয়াছে, সুবোধ তত্ত্বজ্ঞানিরা যে সর্ব্বভূত কারণকে সর্ব্বদা হাদরে দেখেন, তিনি অব্যয়। এই বিষয় বাক্যে তিন প্রকার সংশ্র হর, অর্থাৎ এই ভূতযোনি অব্যয় প্রধান, কি জার, কি ঈশ্বর? তাহাতে প্রথনতঃ তাহাকে প্রধান বা জীবই বোধ হয়, যেহেতু বিশ্বাকারে পরিণমমান রূপে প্রধানের জগৎকারণত্ব এবং ধর্ম্মাধর্ম্ম দারা জীবের সংসার কর্ত্ত্ব সম্ভব হয়। ইহা পূর্ব্ব পক্ষা এতিবিষয়ের সিদ্ধান্ত করিতেছেন, সর্ব্বজ্ঞ এবং সর্ব্ববিং এই উভয় শব্দ থাকাতে সামান্য রূপে ও বিশেষ রূপে সকল বস্তু জ্ঞাত হওয়া আর সৃষ্টির পূর্ব্বে তাহার স্বরূপ আলোচনা করা, ইহা ঈশ্বর ব্যতীত অন্যের সম্ভবে না, সুত্রাং ঈশ্বরই সর্ব্বভূত কারণ ইহা সিদ্ধ হইল । ৬ !!

সপ্তমাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের প্রথমাধ্যায়ে বৈশ্বানর বিদ্যাতে উক্ত হইরাছে, যে বৈশ্বানর রূপ আত্মার উপাসনা করি-বেক। উক্ত বিষয় বাক্যেতে এরূপ সন্দেহ হয় যে এই বৈশ্বানর শব্দ দারা জাঠরাগ্নি, কি ভূতাগ্নি, কি আদিত্য, কি জীবাল্না, কিয়া প্রমাত্মা উক্ত হয়েন ৷ এইরপ সংশয়ে প্রথমতঃ এই প্রকার স্থির হয় যে বৈশ্বানর শব্দ থাকাতে তদ্যারা প্রথমোক্ত তিন পক্ষের একতর পক্ষ উক্ত হয়েন, অথবা তাহার অব্যবহিত পূর্বের আত্ম শব্দ থাকাতে তদ্যারা জীবও উক্ত হয়েন ৷ ইহা পূর্বেরপক্ষ ৷ উক্ত দোষ নিরাকরণ পূর্বেক সিদ্ধান্ত করিতেহেন,যে এস্থলে বৈশ্বানর শব্দে পরব্রহ্ম উক্ত হয়েন, শেহেতু ক্রতিতে তাহার অসম্ভূত অবয়ব বর্ণিত হইয়াছে, যথা স্বর্গ তাহার মস্তক ইত্যাদি, এই প্রকার স্বরূপ ইশ্বর ব্যতীত অন্যের সম্ভব হয় না, অতএব এস্থলে বৈশ্বানর শব্দে পরব্রহ্মই উক্ত হয়েন ৷৷ ৭ ৷৷

ইতি প্রথমাধ্যায়ে দ্বিতীয়পাদ।

প্রথমাধ্যায়ে তৃতীয়পাদ

প্রথমাধিকরণ

मुखक উপনিষদে উক্ত হইয়াছে যে স্বৰ্গ, পৃথিবী, অন্তরিক্ষ, মন এবং প্রাণ যাহার অধিষ্ঠানে বর্ত্তমান রহি-য়াছে, কেবল তাঁহাকেই জান, অন্য বাক্য পরিত্যাগ কর, তিনিই সংসার পারের সেতু। এই বিষয় বাক্যেতে স-ন্দেহ এই, যে উক্ত সৰ্বাধিষ্ঠান ভূত বস্তু কি স্থত্ৰাত্মা হি-রণ্যগর্ত্ত, কি প্রধান, কিয়া ভোক্তা জাব, অথবা ঈশ্বর ? ইহাতে প্রথমতঃ মৃতি বল ও শ্বৃতি বল এবং আত্ম শব্দ ব-লেতে.পূৰ্ব্ব্যক্ত তিন পক্ষই সম্ভব হয় ৷ ইহা পূৰ্ব্বপক্ষ ৷ ইহার্ সিদ্ধান্ত এই যে উক্ত বিষয় বাক্যে আত্ম শব্দ প্রয়োগ থাকা-তে হিরণাগর্ভ বা প্রধান তাহার প্রতিপাদ্য হইতে পারে না, আর উক্ত বাক্যে মক্ত পুরুষের প্রাপ্যত্ব বর্ণনা থাকাতে তাহা জীবেরও সম্ভবে না, অতএব উপক্রম, উপসংহার ও যুক্তি দারা কেবল পরব্রহ্মই উক্ত বাক্যের বাচ্য ইহা **मिष्क इ**हेल 11 3 11

দ্বিতীয়াধিকরণ

ছান্দোগ্য উপনিষ্দের সপ্তমাধ্যায়ে সন্ৎকুমার নার-্দর প্রতি উত্তরোত্তর শ্রেষ্ঠৰূপে নাম প্রভৃতি বহু প্রকার তত্ত্ব উপদেশ করিয়া শেবেতে নিরতিশর প্রধানের উপদেশ জ্রিয়াছেন, যথা, যাঁহাতে অবস্থিতি হুইলে আর অন্য বাহ্যবিষয় দেখা যায় না, শনা যায় না ও জানাও যায় না, তিনিই সর্বশ্রেষ্ঠ। এই বিষয় বাকো চুই প্রকার সন্দেহ হর, অর্থাৎ এই যে নিরতিশর শ্রেষ্ঠ,ইনি প্রাণ,কি পরমেশ্বর ? ভাহাতে প্রথমতঃ ভাঁহাকে প্রাণ বলিয়াই বোধ হয়, কারণ এস্থলে প্রাণ উপদেশের পর আর প্রতিবচন নাই, যেহেত প্রতিবস্তু উপদেশের পর নারদ বলিয়াছেন, যে 'ইহা হইতেও আর শ্রেষ্ঠ আছে ' সনংকুমার ' আছে' বলিয়া আর এক বস্তু নিদ্দেশ করিয়াছেন, কিন্তু প্রাণ শব্দের পর আর প্রতিবচন নাই, কেবল শ্রেষ্ঠ মাত্র,অত্তব প্রাণ্ই ত বা-ক্যের প্রতিপাদ্য । ইহা পূর্ব্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে উক্ত বাক্যেতে সত্য শব্দ দার। প্রাণ শব্দের নিরুত্তি করিয়া মখ্য শ্রেষ্ঠরূপ পর্বাহ্মকে পৃথক্ উক্ত করিয়াছেন, এবং উপক্রনেতেও আহা শব্দ প্রয়োগ আছে, অতএব অদ্বিতীয় পরমাত্মাই উক্ত বাক্যের বাচ্য হয়েন।। ২ ॥

তৃতীয়াধিকরণ

র্হদারণ্যকের পঞ্চম অধ্যায়ে গাগীর প্রতি যাজ্ঞবল্কা উপদেশ করিয়াছেন, হে গার্গি! যে এই অবিনাশি অক্ষরকে ব্রাক্ষণের। অভিবাদন করেন, তিনি স্থল নহেন, অণু
নহেন, হুস্থ নহেন। এই বিষয় বাক্যেতে অক্ষর
শব্দে প্রণব, কি পরব্রহ্ম উক্ত হয়েন? এইপ্রকার সন্দেহ উপস্থিত হইলে প্রথমতঃ তাহাকে প্রণবই বোধ হয়,
যেহেতু লোকে অক্ষর শব্দে প্রণবই প্রসিদ্ধ আছে, ইহা
পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, এস্থলে অক্ষর শব্দে পরব্রহ্ম উক্ত হয়েন, যেহেতু ইহার পর প্রভাতিতে ঐ অক্ষরেতে স্ব্বাধারত্ব উক্ত হইয়াছে, তাহা কথনই প্রণবের সম্ভব
হয় না, এবং সর্বা সংসারধর্ম নিষেধ ও জগংশাসন কর্তৃত্ব
প্রভৃতি যে সকল গুণ উক্ত হইয়াছে, তাহাও প্রণবের সন্তবে না, অতএব পরব্রক্ষই এ স্থলে অক্ষর শব্দ বাচ্য। ৩ !

চতুর্থাধিকরণ

প্রদাপনিষদে উক্ত হইয়াছে যে, ত্রিমাত্র প্রণব দারা পরম পুরুষের ধ্যান করিবেক। এ বিষয় বাক্যেতে এই রূপ সংশয় হয় যে,উক্ত ধ্যেয় বস্তু অপর ব্রহ্ম, কি পর ব্রহ্ম? তাহাতে প্রথমতঃ অপর ব্রহ্মকেই ধ্যেয়রূপে স্বীকার করা যায়, যেহেতু তাঁহার ধ্যানে ব্রহ্মলোক প্রাপ্তি ফল উক্ত হইয়াছে, পরব্রহ্ম ধ্যানে তাহা সন্তুত নহে,ইহা পূর্ব্বপক্ষ 1 ইহার সিদ্ধান্ত এই যে,উপাসনা দারা যিনি ব্রহ্মলোক প্রাপ্ত হয়েন, তিনি এই জীব সমষ্টি রূপ ব্রহ্মাত্র হৈতে উৎকৃষ্ট পরমাত্মাকে দেখিতে পারেন, এই ক্রুতিতে বর্ণিত মুক্ত পুরুষ্বের দৃশ্য যে পরমাত্মা তিনিই ঐ বিষয় বাক্যেতে ধ্যেয়

ৰূপে প্রম পুরুষ শব্দে উক্ত হওয়াতে তাঁহাকে প্রব্রহ্ম ব-লিয়া নিশ্চয় করা যায়। ৪।

পঞ্চমাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের অন্টমাধ্যায়ে উক্ত হইয়াছে যে, শরীরের মধ্যে যে হৃৎপদ্ম আছে, তাহার অভ্যন্তরে দহরা-কাশ অবস্থিতি করেন। এই বিষয় বাক্যেতে যে আকাশ শব্দ প্রয়োগ আছে সে কি ভূতাকাশ,কি জীব,কি পরব্রহ্ম ? এই প্রকার সন্দেহ উপস্থিত হইলে প্রথমতঃ তাহাকে ভূ-তাকাশ বা জীব বলিয়া নির্দারিত করিতে হয়, যেহেতু আকাশ শব্দ ভূতাকাশেই প্রাসিদ্ধ এবং দহর শব্দের অর্থ অপ্প ও পরিচ্ছিন্ন, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে, ব্রহ্মই এস্থলে আকাশ শব্দের বাচ্য হয়েন, যেহেতু ভূ-তাকাশের সহিত তাহার দৃষ্টান্ত উক্ত হইয়াছে, সুতরাং ভূতাকাশের দৃষ্টান্ত আর ভূতাকাশে সম্ভব হয় না, এবং অপে পরিমাণ পরিচ্ছিন্ন জীবও বৃহৎ পরিমাণ দৃষ্টান্তের যোগ্য হয় না, আর অশেষ জগতের আধারত্ব, স্ব্বপাপ রাহিত্য, ও জগতের মর্য্যাদা বিধারকত্বও পরব্রহ্ম ব্যতীত मख्य इय ना । ए।

যন্তাধিকরণ

ছান্দোগ্য উপনিষদে দহর বিদ্যার পরে প্রজাপতি বি-দ্যাতে ইন্দ্র, বিরোচন, ও প্রজাপতির সংবাদে উক্ত হই-য়াহে যে, চকুর অন্তর্গত যে পুরুষ দেখিতে পাওয়া যায় তিনিই আত্মা। এই বিষয় বাক্যেতে যে আত্মশ্ব আছে তাহা জীবাত্মার প্রতিপাদক, কি পরমাত্মার প্রতিপাদক? এই প্রকার সন্দেহ উপস্থিত হইলে প্রথমত তাহাকে জীবাত্মার প্রতি পাদকই বােধ হয়, য়েহেতু তাঁহারই জাগ্রহ. স্বপ্ন, সুষ্প্রি, এই তিন অবস্থা এস্থলে উক্ত হইয়াছে, এ অবস্থাত্রয় ঈশ্বরে সম্ভবে না, ইছা পূর্ববিপক্ষ। ইহার সিজান্ত এই য়ে, এস্থলে আত্মশব্বে পরমাত্মাই গৃহীত হয়েন, য়েহেতু উপক্রমেতে এবং উপসংহারেতে তাঁহারই লক্ষ্মণ সকল উক্ত হইয়াছে, আর অবস্থা ত্রয়ও তাঁহাতে শাখা চক্র ন্যারে উপলক্ষণ ক্রপে পরমাত্ম বােধের উপায় স্থক্রপে উক্ত হইয়াছে।৬।

সপ্তমাধিকরণ

মুগুক উপনিষদে উক্ত হইয়াছে যে, সূর্য্য ধাহাকে প্রকাশ করিতে সমর্য হর না, চক্রা, তারা ও বিদ্যুৎ সকলও
যাঁহাকে প্রকাশ করিতে পারে না, আগ্ন তাঁহাকে কি প্রকারে প্রকাশ করিবে, তাঁহার দ্বারা প্রকাশিত হইয়া এই
সমুদার জগৎ প্রকাশ পাইতেছে । এই বিষয় বাক্যে উক্ত ষে
জগৎ প্রকাশক পদার্থ, তাহা কি কোন তেজঃ পদার্থ; কিয়া
টৈতন্য ? এইরূপ সংশয়ে প্রথমতঃ অন্য কোন তেজঃপদার্থ বোধ হয়, যেহেত্ তাহার সূর্য্যাদি তেজের অভিভারকত্ম উক্ত হইয়াছে, ইহা পূর্ব্যেক্ষ । ইহার সিদ্ধান্ত এই
থৈ উক্ত বাক্যের বিষয় চৈতন্য বলা বায়, ষেহেত্ হুর্যাদির

অভিভাবক অন্য কোন তেজঃপদার্থ বর্ত্তমান নাই এবং সমুদায় জগতের প্রকাশকত্বও ঈশ্বর চৈতন্য ব্যতিরেকে স- স্তব হয় না, অতএব চৈতন্যই উক্ত বাক্যের প্রতিপাদ্য হ- য়েন ইহা সিদ্ধ হইল । ৭ ।

অফ্টমাধিকরণ

কঠোপনিষদের চতুর্থ বল্লীতে উক্ত হইয়াছে যে, অঞ্চ্ষ্ঠ প্রমাণ পুরুষ হৃদয় পুঞ্রীকের মধ্যে স্থিতি করেন, তিনি
ভূত ভবিষৎ বর্জমানের নিয়ন্তা । এই বিষয় বাক্যে জীব
উক্ত হয়েন,কি পরমাত্মা উক্ত হয়েন? এইরূপ সন্দেহ হইলে
প্রথমতঃ জীবকেই উক্ত বোধ হয়, কারণ অঞ্চু ষ্ঠমাত্র অপ্প
প্রমাণ ও দেহ মধ্যে অবস্থান তাঁহারই সম্ভব হয়, ইহা পূর্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে ভূত ভবিষ্যৎ বর্জমানের
নিয়ন্তৃত্ব ঈশ্বর ব্যতীত অন্যের সম্ভব হয় না অতএব ঈশ্বরই উক্ত বাক্যের বাচ্য হয়েন। হৃদয় পুঞ্রীকে পরমাত্মার উপলদ্ধি হেতু অপ্প প্রমাণত্ব ও দেহমধ্যে অবস্থানও তাঁহার অসম্ভব নহে ।৮।

নবমাধিকরণ

র্হদারণাকের তৃতীয় অধ্যায়ে উক্ত হইয়াছে যে; দে-বতাদিগের মধ্যে ঘাঁহার ব্রহ্ম জ্ঞান হয় তিনি মুক্ত হইয়া ব্রহ্ম স্বৰূপ হয়েন ৷ এই বিষয় বাক্যেতে এইৰূপ সন্দেহ্ হয় যে, দেবতাদিগের ব্রহ্মবিদ্যাতে অধিকার আছে কি না? তাহাতে প্রথমতঃ বোধ হয় যে, দেবতাদিগের ব্রহ্মবিদ্যা-তে অধিকার নাই, কারণ অর্থিত্বাদি যে সকল অধিকার হেতু তাহা দেবতাতে সঞ্চত নহে, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সি-দ্ধান্ত এই যে দেবতাদিগের ঐশর্যোর ক্ষর সম্ভাবনা হেতু তাহার প্রার্থনা করা অসঞ্চত নহে, সুতরাং নির্প্তণ বিদ্যাতে তাহারদিগের অধিকার আছে ইহা সিদ্ধ হইল।৯।

দশমাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের চতুর্থাধ্যায়ে সম্বর্গবিদ্যাতে উক্ত হইয়াছে যে জানশ্রুতি নামক কোন ব্যক্তি উপঢৌকন হত্তে করিয়া তত্ত্ব উপদেশ প্রার্থনায় রৈকু নামক গুরুর নি-কটে গমন করাতে রৈকু তাহাকে শূদ্র বলিরা সম্বোধন করিয়াছিলেন ৷ এই বিষয় বাক্যেতে শূদ্রের ব্রহ্মবিদ্যা-তে অধিকার আছে কি না? এইৰূপ সংশয় হইলে প্রথ-মত্তঃ বোধ হয় যে, দেবতা দিগের দৃষ্টান্তে শূদ্রেরও অধি-কার আছে ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত করিতেছেন, উপনয়ন ও বেদাধ্যয়নের অভাব হেতু শূত্রদিগের ব্রহ্মবি-দ্যাতে অধিকার নাই, তবে ত্রন্ধবিদ্যা উপদেশ প্রকরণে শূত্র বলিয়া জানঞ্তির যে সম্বোধন আছে, সে কেবল শোক করিয়া আগমন হেতু যৌগিক শূদ্রশব্দ প্রয়োগ মাত্র, নতুবা জানশ্রুতি জাতি শু**দ্র নহেন, তিনি ক্ষত্রি**য় যেহেতু তাঁহার ক্ষতিয়ত্ব শাস্ত্রে উক্ত হইয়াছে ৷ ১০ ৷

একাদশাধিকরণ

কঠোপনিষদের ষষ্ঠ বল্লীতে উক্ত হইয়াছে, এই সমুদায় জগৎ উৎপন্ন হইয়া প্রাণের সন্তাতে ব্যাপার বিশিষ্ট
হইয়া রহিয়াছে, সেই প্রাণ উদ্যত বজের ন্যায় মহা ভয়ানক
হয়েন, যিনি তাঁহাকে জানেন তিনি অমৃত হয়েন। এই
বিষয় বাক্যেতে যে প্রাণ শব্দ আছে তাহাতে এইনাপ সন্দেহ
হয় য়ে,এই প্রাণ শব্দের বাচ্য বজ্ঞ, যেহেতু এ বাক্যে ভয় হেতু
উক্ত হইয়াছে, অথবা প্রাণ শব্দে বায়ু উক্ত হয়,কারণ বায়ু
ব্যতীত ব্যাপার হয় না, ইয়া পূর্ব্বপক্ষ। ইয়ার উত্তর এই
য়ে, ঈশ্বরই এস্থলে প্রাণশব্দের বাচ্য হয়েন, য়েহেতৃ তাঁহার জ্ঞানে অমৃত ফল উক্ত হইয়াছে। ভয়হেতু ও ব্যাপারও ঈশ্বেতে অন্তর্যানি ন্দেপ সঞ্চত হয়। ১১।

দাদশাধিকরণ

ছান্দোগ্য উপনিষদের অফীমাধ্যায়ে প্রজাপতি বিদ্যাতে উক্ত হইয়াছে, সুমুপ্ত্যবস্থাপন জীব তৎকালে ইহ শরীর
পরিত্যাগ করিয়া যে পরম জ্যোতি স্বৰূপে সম্পন্ন হয় সেই
জ্যোতি উত্তম পুরুষ ৷ এই বিষয় বাক্যে এইৰূপ সংশয়
হয় য়ে, এই জ্যোতি কি আদিত্য জ্যোতি,কি ব্রহ্ম জ্যোতি ?
তাহাতে প্রথমতঃ তাঁহাকে আদিত্য জ্যোতিই বোধ হয়,
ইহা পূর্ব্যপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই য়ে, উত্তম পুরুষ শক্ষ
থাকাতে তাঁহাকে ব্রহ্ম জ্যোতিই বলা যায়, আর সেই
জ্যোতির সর্ব্বসাক্ষিত্ব ৰূপ বিশেষণ থাকাতে তাহা ব্রহ্ম

ব্যতীত অন্যের সম্ভব হয় না, সুতরাং এ স্থলে জ্যোতিঃ শব্দে বৃদ্ধই উক্ত হয়েন। ১২।

ত্রয়োদশাধিকরণ

ছান্দোগ্য উপনিষ্দের অন্তমাধ্যায়ের শেষে উক্ত হইয়াছে যে, আকাশ নামক কোন পদার্থ নাম ও
কাপের নির্বাহক হয়েন, কিন্তু সেই নাম ও কাপ ভাঁহা
হইতে ভিন্ন হয়, সেই আকাশই ব্রহ্ম এবং প্রভাগাত্মা
হয়েন । এই বিষয় বাক্যে আকাশ শন্দের বাচ্য বিয়ৎ
কেন নাহয়? এইকাপ সন্দেহে নাম কাপের নির্বাহক কাপে
বিয়ৎও এবাক্যে গৃহীত হইতে পারে,ইহা পূর্ব্বপক্ষ। ইহার
সিদ্ধান্ত এই যে, নির্বাহক শন্দের অর্থ নিয়ন্তা, তাহা চেতন
ব্যতীত অচেতন কখনই হয় না, অতএব এ স্থলে আকাশ
শন্দের বাচ্য ব্রহ্মই হয়েন, আর ঐ বাক্যের শেষেতে ব্রহ্ম
শন্দ ও আত্ম শন্দ প্রয়োগ থাকাতে ব্রহ্মকেই ঐ বাক্যের
বাচ্য কাপে বিশেষ প্রতীত হয়। ১৩।

চতুর্দশাধিকরণ

বৃহদারণ্যকের ষষ্ঠাধ্যায়ে উক্ত হইয়াছে যে, এই বিজ্ঞানময় পুরুষ প্রাণ প্রভৃতিতে এবং অন্তঃকরণেতে তাহার-দিগের সাক্ষি স্বৰূপে অবস্থিত হইয়া জ্যোতীৰূপে ইহ-লোক ও পরলোকে গমনাগমন করেন। এস্থলে বিজ্ঞান-ময় শব্দে জীব উক্ত হয়েন, কি পরব্রহ্ম কথিত হয়েন? এই

প্রকার সন্দেহে ইহলোক ও পরলোকে গমনাগমন প্রত্যক্ষ করিয়া প্রথমতঃ জীবকেই বিজ্ঞানময় শব্দের প্রতিপাদ্য বলিয়া নিশ্চয় হয়, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে পরব্রহ্মই এন্থলে বিজ্ঞানময় শব্দের প্রতিপাদ্য হরেন, তবে যে এন্থলে আদ্যন্ত মধ্যে জীবের উক্তি আছে সে কেবল প্রাণাদি হইতে জীবকে পৃথক্ করিয়া পরব্রহ্মত্ব প্রাপ্তি প্রতিপাদন করিবার নিমিত্তে লিখিত হইয়াছে, অতএব প্রব্রহ্মই এ বাক্যের প্রতিপাদ্য হয়েন ৷ ১৪ ৷

ইতি প্রথমাধ্যায়ে তৃতীয় পাদ।

প্রথমাধ্যায়ে চতুর্থ পাদ

প্রথমাধিকরণ

কঠোপনিষদের তৃতীয় বলীতে উক্ত হইয়াছে যে, মহ-তত্ত্ব অর্থাৎ বুদ্ধি সমষ্টি হইতে অব্যক্ত শ্রেষ্ঠ এবং অব্যক্ত হইতে পুরুষ শ্রেষ্ঠ হরেন। এই বিষয় বাক্যেতে যে অ-ব্যক্ত শব্দ আছে তাহাতে সাংখ্য শাস্ত্রোক্ত প্রধান অর্থাৎ প্রকৃতি উক্ত হয়,কি কারণাবস্থাপন্ন এই স্থূলশরীর কথিত হয়? এই প্রকার সন্দেহ উপস্থিত হইলে প্রথমতঃ বোধ হয় যে এ স্থলে অব্যক্ত শব্দে সাংখ্য শাস্ত্রোক্ত প্রধানই কথিত হইরাছে, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে,এ স্থলে পূর্ব্বোক্ত প্রকার স্থূল শরীর অব্যক্ত শব্দের বাচ্য হয়, নতুব। পূর্ব্বাপর ক্রুতির বিরোধ কোন প্রকারে নিবারিত হইতে পারে না, কিন্তু ক্রুতির সমন্বয় করা সমুদায় বেদা-স্তের তাৎপর্য্য হইয়াছে 1>1

দ্বিতীয়াধিকরণ

শেতাশ্বতরোপনিযদের চতুর্থাধ্যায়ে উক্ত হইয়াছে যে,
রক্ত শুক্ল কৃষ্ণ বর্ণাত্মক যে অজা,সে একই মাত্র । এই বিষয়
বাক্যে এইবাপ সন্দেহ হা যে,এই অজা শব্দের বাচ্য সাংখ্য
শাস্ত্রোক্ত প্রধান,কি ছান্দোগ্য শ্রুত্যক্ত প্রকৃতি ? তাহাতে
প্রথমতঃ সাংখ্য শাস্ত্রোক্ত প্র্থানই বোধ হয়, যেহেতু এন্থলে
শ্বৃতিতে তাহার গুণের সাদৃশ্য উক্ত হইয়াছে,ইয়া পূর্ব্বপক্ষ ।
ইহার সিদ্ধান্ত এই যে,এ স্থলে অজা শব্দে ছান্দোগ্যশ্রুত্যুক্ত প্রকৃতিই উক্ত হয়,যেহেতু শ্রুতিতে ইয়ার গুণের সাদৃশ্য
ভাছে এবং শ্বৃতি প্রমাণ অপেক্ষা শ্রুতি প্রমাণ প্রবল হয় ।২।

তৃতীয়াধিকরণ

বৃহদারণ্যকোপনিবদের ষষ্ঠাধ্যায়ে উক্ত হইয়াছে যে,
পশু পঞ্চ জন এবং আকাশ যাহাকে আশ্রর করিয়া আছে,
তাহাকে আমি আত্মা অমৃত এবং ব্রহ্ম বলিয়া মানি,ইছা জানাতেই আনি অমৃত হইয়াছি ৷ এই বিষয় বাকোতে যে পঞ্চ
পঞ্চ জন শব্দ আছে তাহাতে সাংখ্য শাস্ত্রোক্ত তত্ত্ব সকল
উক্ত হয়, কি শুনতি প্রসিদ্ধ প্রাণ, চক্ষু, প্রোত্র, মন এবং অম
উক্ত হয় ? এই প্রকার সন্দেহে প্রথমতঃ সাংখ্য শাস্ত্রোক্ত
পঞ্চবিংশতি তত্ত্বই বোধ হয়,য়েহেতু তুইবার পঞ্চ শব্দ থাকাতে পঞ্চ বিংশতি বুবায়, ইয়া পূর্ব্রপক্ষ ৷ ইয়ার সিদ্ধাকাতে পঞ্চ বিংশতি বুবায়, ইয়া পূর্ব্রপক্ষ ৷ ইয়ার সিদ্ধাকাতে পঞ্চ বিংশতি বুবায়, ইয়া পূর্ব্রপক্ষ ৷ ইয়ার সিদ্ধাকাতে পঞ্চ বিংশতি বুবায়, ইয়া পূর্ব্রপক্ষ ৷ ইয়ার সিদ্ধাকারে এই যে, উক্ত পঞ্চ পঞ্চ জন শব্দে প্রাণাদি পঞ্চই বুবায় যেহেতু বাক্যশেষে তাহাই প্রতিপাদিত হয়য়াছে ৷ ৩1

চতুর্থাধিকরণ

প্রথমাবধি এ পর্যান্ত জগৎ কারণ বিষয়ে যে সকল বেদান্তের সমন্থয় প্রতিপাদিত হইয়াছে তাহাই এ অধিকরণের
বিচার যোগ্য বাক্য ৷ সেই সমন্বয় সকল যুক্ত কি, অযুক্ত?
এই প্রকার সন্দেহে প্রথমতঃ তাহা অযুক্ত বোধ হয়, যেহেতু তাহাতে জগৎ উৎপত্তি বিষয়ে ক্রুতি সকলের অনেক
বিরোধ আছে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে, য. দিও জগতের উৎপত্তি বিষয়ে ক্রুতি সকলের বিরোধ আছে
বটে কিন্তু তাহাতে জগৎ প্রকীর নির্নরে কোন হানি নাই,যেহেতু জগৎ উৎপত্তিতে বেদান্তের তাৎপর্য্য নহে,ফলতঃ তাৎপর্য্য বিষয় জগৎ প্রকৃ ব্রক্ষেতে কোন বিরোধ নাই,অতএব
উক্ত বেদান্তের সমন্বয় সকল যে যুক্তি যুক্ত তাহাতে আর
কোন সন্দেহ নাই ৷ ৪ ৷

পঞ্চমাধিকরণ

কৌষীতকি ব্রাহ্মণের উপনিষদে বালাকি নামক এক ব্রাণ্
ক্ষণ আদিত্যাদি যোড়শ পুরুষকে ব্রহ্ম বলিয়া বর্ণন ক্রিলে
পর,রাজা স্বরং তাহা নিরাকরণ পূর্ব্ধক কহিয়াছেন, হে বালাকি! তুনি যে সকলকে ব্রহ্ম রূপে বর্ণন হারিলে, যিনি তাহারদিগের কর্ত্তা এবং এই সমুদায় যাহার কর্ম তাঁহাকেই
জানা কর্ত্ত্ব্যা এই বিষয়বাক্যে জ্ঞের পদার্থ কি? এই রূশ
সন্দেহ হইলে কর্মা শব্দ থাকাতে প্রথমতঃ প্রাণ বা জীবই

এ বাক্যের প্রতিপাদ্য বোধ হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে এ স্থলে কর্ম শব্দের জগদাচিত্বহেতু উক্ত বাক্যের প্রতিপাদ্য জগৎ কর্ত্তা বুদ্ধাই হয়েন, অতএব তাহা-কেই জানী কর্ত্তব্য । ৫।

যষ্ঠাধিকরণ

র্হদারণ্যক উপনিষদের চতুর্থাধ্যায়ে মৈত্রেয়ীর প্রতি যাজ্ঞবল্ক্য উপদেশ করিয়াছেন যে, অরে মৈত্রেয়ি! আমারই প্রবণ, মনন, ও নিদিধ্যাসন করা কর্ত্তব্য ৷ এই বিষয় বাক্যে আত্ম শব্দে জীবাত্মা, কি পরমাত্মা উক্ত হয়েন? এই সন্দেহে প্রথমতঃ জীবাত্মাই প্রাপ্ত হওয়া যায়, যেহেতু তাহার পরবাক্যে তাঁহার ভোগ প্রীতি যুক্তত্ম উক্ত হইয়াছে, ইহা পূর্ব্বাপক্ষ ৷ ইহার উত্তর এই যে ঐ বাক্যের উপক্রম এবং উপসংহারেতে অমৃতত্ম প্রাপ্তির সাধন আত্মজ্ঞান বং শিত থাকাতে তাহার প্রতিপাদ্য পরব্রক্ষই হয়েন ৷ ৬ ৷

সপ্তমাধিকরণ

জগৎ কারণ প্রতিপাদক সমুদায় শ্রুতি বাক্য এ অধিক-রণের বিষয় ৷ এই বিষয় বাক্য সকলেতে সন্দেহ হয় যে,বৃহ্ম জগতের কেবল নিমিত্ত কারণ মাত্র হয়েন, কি নিমিত্ত ও উপদান উভয় কারণ হয়েন? তাহাতে প্রথমতঃ বোধ

হয় যে,তিনি কেবল নিমিত্ত কারণ মাত্র হয়েন, যেহেতু উৎপতির পূর্বে কার্য্য বিষয়ক আলোচনা উক্ত হইয়াছে, সুত্রাং আলোচনা কর! নিমিত্ত ব্যতীত উপাদানের সম্ভব হয় না, যেনন ঘট উৎপত্তির পূর্বে কুলালের মনে ঘটের রূপ আলোচনা হয় কিন্তু মৃত্তিকার তাহা সম্ভব নহে, ইহা পূর্বেপ পক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে নিমিত্ত কারণ পরবুক্ষেরই কার্য্য রূপে বহু হওয়া এবং এক বুক্ষ জ্ঞানেতেই সমুদায় কার্য্য জ্ঞাত হওয়া প্রাততে স্পান্ত উক্ত থাকাতে তিনি নিমিত্ত ও উপাদান উভয় কারণই হয়েন । ৭ ।

অস্ট্রনাধিকরণ

সমুদার বেদান্ত শাস্ত্র এ অধিকরণের বিষয় 1 তাহাতে এমত সন্দেহ হইতে পারে যে, গ্রুতির কোন কোন স্থানে পরমাণুও শুনাদির জগং কারণত্ব উক্ত হইয়াছে, কি পরবু- ক্ষেরই প্রতিনিয়ত জগং কারণত্ব কথিত আছে ? তাহাতে ছান্দোগা উপনিষদের যহাধ্যায়ে উদ্দালক ও শ্বেতকেতু সংবাদে বটবীজ কণিকার অন্তর্ভূত মহার্ক্ষ দৃষ্টান্ত ও শূন্যের জগং কারণত্ব বর্ণিত থাকাতে প্রথমতঃ পরমাণু শূন্যাদিরও জগং কারণত্ব বর্ণিত থাকাতে প্রথমতঃ পরমাণু শূন্যাদিরও জগং কারণত্ব বেধি হয়, ইহা পূর্বেপক্ষ । ইহার উত্তর এই যে,এক বিজ্ঞাপন দারা সমদায় জ্ঞাত হওয়া শূন্য কারণমতে সম্ভব হয় না,যেহেতু ঈশ্বর শূন্যের অজন্য, আর বটবীজ কণিকা

দৃষী রও স্ক্রমত্ব হেতু বুক্সেতে সম্ভব হয়, অতএব বুক্সই প্রতিনিয়ত জগৎ কারণ ইহা সিদ্ধাহইল। ৮।

ইতি প্রথমাধ্যায়ে চতুর্থ পাদ। প্রথমাধ্যায় সমাপ্ত।

দিতীয়াধ্যায়ে প্রথম পাদ

প্রথমাধিকরণ

প্রথমাধ্যায়ে পরবুদ্ধেতে প্রতি সকলের যে সমন্বয় উক্ত হইরাছে তাহাই বিতীয়াধ্যায়ের প্রথম পাদের প্রত্যেক অ-বিক্রণের বিষয় 1 সেই বিষয় বাক্যে এইন্ধপ সংশয় হয়,যে বস্তু স্বন্ধপ নিন্ধপণে প্রবৃত্ত সাংখ্যা স্মৃতি দ্বারা বেদান্ত সম-ঘুষের কেবল অনুষ্ঠেয় ধর্মা নিন্ধপণে সঙ্কোচ করা কর্ত্তব্য কিনা? যদি কর্ত্তব্য না হয় তবে সাংখ স্মৃতি প্রবৃত্তির স্থল থাকে না, আর যদি সঙ্কোচ করা কর্ত্তব্য হয় তবে উভয়ে-রই স্থল থাকে, অতএব সঙ্কোচ করা কর্ত্তব্য,ইহা পূর্ব্ধপক্ষ 1 ইহার সিদ্ধান্ত এই যে সাংখ্য স্মৃতি দ্বারা বেদান্ত সমন্তরের, সঙ্কোচ করা কর্ত্তব্য নহে, যেহেতু প্রত্যক্ষ বেদ মূলক বৃদ্ধ কারণবাদি মন্ত্রাদি স্মৃতি দ্বারা অমূলক সংখ্য স্মৃতি বাধিত হওয়াতে তাহার প্রাবল্য নাই, সুত্রাং তাহার দ্বারা বৃদ্ধা উভয় নিন্ধপণে তাহার প্রবৃত্তি থাকাই যুক্তি সিদ্ধ 1 > 1

দ্বিতীয়াধিকরণ

যদিও অমুলক সাংখ্য স্তি দ্বারা বেদান্ত সমন্বয়ের স-ক্ষোচ না হউক কিন্তু যোগ স্তি যে পাতঞ্জল শাস্ত্র তাহাতে উক্ত যে অফীঙ্গ যোগ তাহা প্রত্যক্ষ বেদেতে উপলব্ধ হয় এবং তাহা তত্ত্ব জ্ঞানেরও উপযোগী বটে, অতএব প্রশান কারণ বাদি বেদ মূলক সেই যোগ স্তি দ্বারা বেদান্ত সমন্বয়ের কেবল অনুষ্ঠেয় ধর্মা নিরূপণে সঙ্কোচ হউক, ইহা পূর্ব্যপক্ষ ৷ ইহার সিন্ধান্ত এই যে অফীঙ্গ যোগ প্র-কিপাদনেই যোগ স্তির তাৎপর্য্য, অমূলক প্রধান কারণ বাদে তাহার তাৎপর্য্য নহে, তবে কেবল প্রসঙ্গাধীন সাংব্যাক্ত অমূলক প্রধান কারণবাদ তাহাতে উক্ত হইয়াছে বটে কিন্তু তাহার দ্বারা বেদান্ত সমন্বয়ের সঙ্কোচ হইতে পারে না ৷ ২ ৷

তৃতীয়াধিকরণ

যদিও সাংখ্য শৃতি ও যোগ ফুতি দ্বারা বেদান্ত সমযুদ্ধের সঙ্কোচ না ইউক কিন্তু তদীর যুক্তি দ্বারা তাহার
বাধ হইতে পারে, যথা চেতন ব্রহ্ম হইতে অচেতন জগতের
উৎপত্তি সভূত নহে, হেহেতু এক প্রকার বস্তু হইতে জন্য
প্রকার বস্তু উৎপন্ন হয় না যেমন গো হইতে মহিষ হয় না,
ইহা পূর্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে,এক প্রকার বস্তু হইতে
যে জন্য প্রকার বস্তু উৎপন্ন হয় না ইহা সাধারণ নিয়ম নহে,
যেহেতু অচেতন গোময় হইতে চেতন হুন্চিকের এবং চে-

তন পুরুষ হইতে অচেতন কেশলোমাদির উৎপত্তি সর্বাক্ত
প্রসিদ্ধ আছে, অতএব বেদ নিরপেক্ষ্য উক্ত অপ্রমাণ মৃক্তি
দারা বেদান্ত সমন্বয়ের কদাপি বাধ হইতে পারে না 1 ৩ !

চতুর্থাধিকরণ

সাংখ্য যোগ স্মৃতি যুক্তি দারা বেদান্ত সমন্বয়ের বিরোধ না হইলেও কাণাদ ও বৌদ্ধদিগের স্মৃতি ও যুক্তি দ্বারা তা-হার বাধ হউক, যথা কাণাদ মহর্ষির স্থৃতিতে পরমাণুর জগৎকারণত্ব বথিত আছে এবং তাহাতে তিনি এই প্রকার यू कि निया थारकन रय, रामन ठस्त इटेर पि छे ९ पन इत সেইৰপ স্থাম পরিমাণ হইতে সমুদায় স্থূল উৎপন্ন হয় ৷ বি-ষ্ণুর অবতার বিশেষ যে বৌদ্ধ তাঁহার স্মৃতিতে অভাবের জ-গৎকারণত্ব উক্ত আছে এবং তিনি এই যুক্তি দেন যে,যেমন সু্যুপ্তির পরে স্বপ্ন হয় তজ্ঞপ অভাব হইতে জগৎ উৎপন্ন হয়, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিজান্ত এই যে যথন বৈদিক শিরোমণি পুরাণ কর্জাদিগের গ্রাহ্থ সাংখ্য যোগ স্মৃতি দৌর্বলা হেতু পরিত্যাগ করা গিয়াছে, তথন সকলের হেয় কাণাদ প্রভৃতির মত যে ছুর্বলতা প্রযুক্ত পরিতাগ করা यारेटव,रेशट आंत्र वक्तवा कि आंट्र, आंत्र काशतिम्टर्गत यू-ক্তিও বিবর্ত্ত কারণ বাদে সম্ভব হয় না,সুতরাং তাহার দারা বেদান্ত সমন্বয়ের বাধ হইতে পারে না। ৪ 1.

পঞ্চমাধিকরণ

শ্রুতি সকলের সমন্বয় সাধন দ্বারা প্রতিপাদিত যে পরব্রন্ধের অহিতীয়ত্ব তাহা প্রত্যক্ষ সিদ্ধ ভোক্তৃ ভোগ্য ভেদ দ্বারা বাধিত হউক, ইহা পূর্ব্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই
যে, একমাত্র বস্তুতে ভেদ ও অভেদ এ উত্য থাকিলে বিরোধ হয় বটে কিন্তু যেমন এক জলেতে তরঙ্গাদি রূপের
ভেদ ও সমুদ্ররূপে অভেদ দৃষ্ট হয় তক্ষপ একমাত্র পরব্রদ্বেতে ভোক্তৃ ভোগ্য রূপে দ্বৈত এবং ব্রহ্ম স্বরূপে অদ্বৈত
স্থীকার করাতে আর কোন বিরোধের সন্তাবনা নাই । ৫ ।

যষ্ঠাধিকরণ

পূর্বাধিকরনোক্ত ভেদার্ভেদ যথার্থ পরব্রন্ধের স্বরূপ কি ব্যবহার মাত্র? এই সংশয়ে যেমন সমুদ্র তরক্ষ বিষয়ে বিরোধের অভাব হেতু যথার্থ ভেদাভেদ স্বীকার করা যায় তক্রপ পরব্রন্ধেকেও ভেদাভেদ যথার্থ হউক, ইহা পূর্ব্যপক্ষ। ইহার উত্তর এই যে,শ্রুতি ও যুক্তিতে পরব্রন্ধের ভেদের অভাব উক্ত হইয়াছে সুতরাং তাঁহাতে ভেদ কথন কেবল ব্যবহার মাত্র, আর শ্রুতিতে কার্য্য কারণের অভেদ প্রতিপাদন হেতু পরব্রন্ধের অহৈত্ত্বই যথার্থ স্বরূপ। অভএব পরব্রন্ধেতে ভেদাভেদ ব্যাবহারিক আর অদ্বিতীয়ত্বই তাজিক ইহা সিদ্ধা হইল। ৬ ।

সপ্তমাধিকরণ

পরমেশর কোন কোন জীবকে বৈরাগ্য না দিয়া তাহার ছিত না করেন, কাছাকেও বা অধর্ম্ম দিয়া তাহার ছিত করেন ৷ ফলতঃ জীবের সহিত তাহার অভিন্নতা আছে, সুতরাং তাহাতে আপনারই হিত না করাও অহিত করা রূপ দোব তাঁহাতে উপস্থিত হইল, ইহা পূর্বংশন্ম ৷ ইহার সিজ্ঞান্ত এই যে ঈশর সর্বাক্ত, সুতরাং তিনি জীবের মিথাা সংসারিত্ব এবং আপনার নির্লেপত্ম জানেন অতএব তাঁহাত কোন দোষ স্পর্দে না । ৭ ।

অফ্টমাধিকরণ

পরব্রহ্ম একমাত্র অদ্বিতীয়। অতএব তাঁহা হইতে এই নানা বিধ আকাশাদির সৃষ্টি সম্ভব হয়না থেহেতু প্রতাক্ষ দৃষ্ট হইতেছে যে ছক্ষ হইতে দিধি হয়তং ব্যতীত
তাহা হইতে তৈলাদি উৎপন্ন হয়না, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, যদিও পরবৃদ্ধা অদৈত বটেন কিন্তু,
গ্রুক্তিও অনুভবদারা তাঁহার অদিদ্যা সহায়তা নিগ্য় করা যায়, সেই মায়াসভ্রেও তিনি সদ্বিতীয় হয়েন না যেহেতু মায়ার স্বন্ধপ মিথ্যা। অতএব বৃদ্ধা এক হইলেও অবিদ্যাকে সহায় করিয়া এই নানা কার্যের কারণ হয়েন
ইতি। ৮।

নব্মাধিকরণ

পূর্ব্বেক্তি সপ্তমাধিকরণে ঈশ্বরকে জগতের উপাদান অথাৎ পরিণামি কারণ বলিয়া প্রতিপন্ন করা হইয়ছে, তাহাতে ঈশ্বরের সমুদায় অংশ পরিণত হইয়া জগৎ হয়, কি
একাংশ পরিণত হয়? যদি সমুদায় অংশ পরিণত হয় তাহা
হইলে তিনি অনিত্য হয়েন এবং কিয়দংশ পরিণত হইলে
তিনি সাবয়ব হয়েন অথচ তাহা য়ুক্ত নহে, অতএব তিনি
পরিণামি কারণ নহেন, ইয়া পূর্ব্বাপকা। ইয়ায় সিদ্ধান্ত এই
যে, শ্রুতিতে উক্ত হইয়াছে যে ঈশ্বর মায়া দারা বছ হয়েন
অতএব তাঁহার মায়া শক্তি দারা পরিণাম মাত্র বস্তুত তিনি
পরিণত হয়েন না,য়ুতরাং এ প্রকারে তাঁহাকে পরিণামি কারণ বলা যাইতে পারে ১ মা

দশ্মাধিকরণ

সামান্যত দেখিতে পাওয়া যায় যে, ঐক্রজালিক মায়াবী মাত্রেরই শরীর আছে, অতএব শরীর রহিত পরব্রক্ষের
মায়া কি প্রকারে সম্ভব হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর
এই যে, যেমন লৌকিক মায়াবীরা কোন সাধনকে অপেক্ষা
না করিয়া প্রত্যক্ষ অভূত গৃহাদি নির্মাণ করে তক্রপ ঈশ্বর
শরীরী না হইলেও তাঁহার মায়াবিত্বের প্রতিবহুতর ফ্রতি
প্রমাণ প্রাপ্ত হওয়া যায়, অতএব ঈশ্বর যে অশরিরী মায়াবী
ভাহাতে কোন সংশয় নাই 1 ১০ 1

একাদশাধিকরণ

পরমেশ্বর নিত্য তৃপ্ত আনন্দস্বরূপ হয়েন ইহা প্রাতিতে উক্ত হইয়াছে। কিন্তু তাঁহার সৃষ্টি বিষয়ক ইচ্ছা স্বীকার করিলে নিত্য তৃপ্তির ব্যাঘাত হয় এবং ইচ্ছার অস্বীকার করিলে অবৃদ্ধি পূর্বক রচনা করাতে তাঁহার উন্মন্ত তুলাতা হয়,ইহা পূর্বপক। ইহার সিদ্ধান্ত এই য়ে, য়েনন কোন প্রাত্তি মৃগয়াদি লীলাতে ও নিশ্বাস ব্যবহারেতে এবং ব্যর্থ চেন্টাতে বুদ্ধিমান্দিগেরও প্রবৃত্তি হয়, তজ্ঞপানিত্য তৃপ্ত ঈশ্বরও প্রয়োজন ব্যতিরেকে অশেষ জগৎ উৎপন্ন করেন। ১১।

দ্বাদশাধিকরণ

ঈশ্বর দেবতাদিগকে অত্যন্ত সুখী করিয়া সৃষ্টি করিয়াতেন ও পশুদিগকে অত্যন্ত তুংখী করিয়া উৎপন্ন করিরাছেন
এবং মনুবাদিগকে মধ্য অবস্থার সৃজন করিয়াছেন, অত এব
ভাঁহাতে বৈষম্য দোষ হয় এবং তিনি এই জগৎকে যে সংহার
করেন ইহা অতি গহিত কর্মা, অত এব তাহাতে তাঁহার
প্রতি নৈর্ঘণ্য দোষ হয়, ইহা পূর্ব্যাপক। ইহার সিদ্ধান্ত
এই বে,প্রাণিদিগের স্বক্ত উত্তনাধন মধ্যম কর্মই তাহারদিগের সুখ তুংগের কারণ, ঈশ্বর তাহাতে নিমিন্ত মাত্র হয়েন,
আর ঈশ্বর যে জগৎকে সংহার করেন ভাহা জীবদিগের
ত্বংখ জনক নহে বস্তত তাহা সুখ জনক; অত এব ঈশ্বরেতে
কোন দোষ স্পর্দেশি না ১২ 1

जरशामनाधिकर्तन

যে কারণ কার্যা রূপে পরিণত হয় তাহার নাম প্রকৃতি,
যেনন ঘটের প্রকৃতি মৃত্তিকা ও মৃত্তিকার বিকার ঘট। সেই
প্রকৃতিত্ব সন্তাণ বস্তুতেই দেখা যায়, নির্তুণের তাহা সম্ভব হয়
না সুতরাং নির্তুণ ত্রন্দের জল্ম প্রকৃতিত্ব না হউক, ইহা পূর্বাকে প্রকৃতি বলা যায় যটে কিন্তু সেই পরিণাম ছই প্রকার
যথা পরিণাম ও বিবর্ত্ত, ঘুখা যে দিও হয় তাহাকে পরিগাম বলে এবং রজ্জুকে যে শর্প বোধ হয় তাহার নাম বিবর্ত্ত, জতএব নির্তুণ ত্রন্দের পরিণাম সম্ভব না হইলেও বিবর্ত্ত
রূপে প্রকৃতিত্ব সম্ভব হয় 1 ১৩ 1

ইতি দিতীয়াধ্যায়ে প্রথম পাদ।

দিতীয়াধ্যায়ে দিতীয় পাদ

প্রথমাধিকরণ

সাংখ্য শাস্ত্রোক্ত সুখ তুংখ মোহ ময় প্রধান জগতের কারণ হয়েন, যেহেতু জগতের সমুদায় বস্তুতেই সুখ তুংখ মোহ ব্যতীত আয় কিছুই দৃষ্ট হয় না, ইহা পূর্ব্রপক্ষ । ই-হার উত্তর এই যে, দেহেন্দ্রিয়াদি বিচিত্রময় এই জগতের সংস্থান বিশেষ অর্থাং অফ্ল প্রত্যক্ল রচনা করা এবং রচনা বিষয়ক প্রকৃত্তি অর্থাং যে বিষয় রচনা করিতে হয় পূর্বের তাহার স্বরূপ আলোচনানা করিলে তাহা সুন্দররূপে প্রস্তুত হয় না, তাহাতে সেই আলোচনা প্রবৃত্তি, অচেতন প্রধানের সম্ভব হয় না, সুতরাং সুখ ত্রুথেতে তত্তং কর্মের কারণত্ব প্রযুক্ত তাহার নিমিত্ত কারণ রুপ স্থারেতে কোন দোষ হইতে পারে না 1 ১ ।

দ্বিতীয়াধিকরণ

চেতন ব্রহ্ম হইতে যে অচেতন জগং উৎপন্ন হইতে পারে তাই। পূর্বে প্রতিপাদিত হইয়াছে, কিন্তু কাণাদ মত দিশ্ধ কোন দৃষ্টান্ত ছারা তাহা প্রতিপাদন না করিলে কাণাদ মতানুসারিদিগের প্রতীতি জন্মে না, অতএব তছিষয়ে কাণাদ মত সিদ্ধ কোন দৃষ্টান্ত আছে কিনা? এই সংশয়ে শুক্ল তম্ভ হইতে শুক্ল পটের উৎপত্তি হেত্ তাহাতে আর কোন দৃষ্টান্ত নাই,ইহা পূর্ব্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে, কাণাদ মতে যেমন ত্বই পরমাণ্ হইতে এক দ্বাণ্ক এবং তিন দ্বাণ্ক হইতে এক ত্রাণ্ক উৎপন্ন হয়, অথচ তাহারদিগের পরিমাণের পরস্পার বিভিন্নত। আছে, তক্রপ চেতন ত্রন্ধ হইতে অচেতন জগতের উৎপত্তি বিষয়ে কোন সংশয় হইতে পারে না।২।

ভূতীয়াধিকরণ

কোন বাদির মতে, সৃষ্ঠির পূর্বেষ যথন পরমেশরের সৃষ্টি
বিষয়ক ইচ্ছা হয় তথন প্রাণিদিগের অদৃ টাবীন পরমাণ্তে
আদ্য কর্ম উৎপন্ন হয়, পরে ছই পরমাণ্র সংঘোগে ছাণ্ক
হয়, তিন দ্বাণ্কের যোগে ত্রাণুক হয়, এই রূপ ক্রমে ক্রমে
সমুদায় জগৎ উৎপন্ন হয়, অতএব সংযুক্ত পরমাণ্ স্কলই
জগতের কারণ, ইহা পূর্বেপক্ষ ৷ ইহার উত্তর এই যে, তথ
কালে অদৃষ্টাধীন পরমাণ্তে যে আদ্য কর্ম উৎপন্ন হয় তাহার নিমিত্ত কারণ কি তাহা নির্ণয় না হওয়াতে আদ্য কর্ম সস্তব হয় না সুতরাং গরমাণ্র সংযোগে যে জগৎ উৎপন্ন হয়
ইহা যুক্তি সিদ্ধানহে ৷ ৩ ৷

চতুর্থাধিকরণ

বাহ্য বস্তুর অন্তিম্ববাদি বৌদ্ধের। এই জগৎকে ছুই
সমুদায় ৰূপে অঞ্চীকার করে, অর্থাৎ বাহ্য সমুদায় পৃথিবী,
নদী, সমুদ্রাদি এবং আন্তর সমুদায় অন্তঃকরণাদি; বাহ্য
সমুদায়ের কারণ পরমাণু এবং আন্তর সমুদাযের কারণ
শব্দ, স্পর্শ, ৰূপ, রস, গন্ধা, জ্ঞান, সুথ; ছুঃখ, নাম এবং
সংস্কার; অতএব উক্ত সমুদায় দ্বয়ই অশেষ জগৎ ইহা
পূর্ব্যেকা। ইহার সিদ্ধান্ত এই যে পরমাণু বা শব্দ স্পর্শানি
দি যে জগৎ উৎপন্ন করে, তাহাতে কোন চৈতন্যের সহায়তা না থাকিলে কথনই প্রতিনিয়ত কার্য্য হইতে পারে না
সুতরাং ঈশ্বর ব্যতীত পরমাণু হইতে বা শব্দস্পর্শাদি হইতেজগতের উৎপত্তি সম্ভব হয় না 11 ৪11

পঞ্চমাধিকরণ

কোন কোন বৌদ্ধেরা বাহ্যবস্তু স্বীকার না করিয়া কেবল বিজ্ঞান নাত্র অঙ্গীকার করে এবং যেমন স্বপ্লে বাহ্য পদার্থ অপেক্ষা না করিয়া কেবল বুদ্ধিতেই সকল পদার্থের ব্যবহার হয় তজ্ঞপ জাগ্রহ অবস্থাতেও সকল ব্যবহার উপপদ্ধ হয় এমত স্বীকার করে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার উত্তর এই যে জাগ্রহ কালে স্বপ্ল পদার্থের বাধ্যমানত্ব হেতু ও জাগ্রহ পদার্থের কদাপি অবাধ্যমানত্ব প্রযুক্ত এবং বাহ্য পদার্থ সন্তাবে উপলব্ধি প্রমাণ হেতু বিজ্ঞান মাত্রত্ব সুক্ত হয় না ৷৷ ৫ ৷৷

য ষ্ঠাধিকরণ

কোন কোন বৌদ্ধেরা জীব এবং অজীব এই ছুই পদার্থ স্বীকার করে; জীব সাবয়ব চেতন ও অজীব ছয়
প্রকার অর্থাৎ পর্বতাদি, ইন্দ্রিয়াদি, অবিবেকাদি, ইন্দ্রিয়
নিগ্রহাদি, বন্ধ এবং মোক্ষ; এই সপ্ত পদার্থ সপ্তবিধ
বাদির প্রতি সপ্তভঙ্গীরূপ ন্যায় দ্বারা ব্যবস্থাপিত হয়, ইহা
পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে উক্ত সপ্তভঙ্গী রূপ
ন্যায় সক্ষত ন্যায় নহে, যেহেতু তাহাতে এক জীবের স্থাদির প্রতি সজ্ঞপত্ব ও অসদ্বাদির প্রতি অসজ্ঞপত্ব রূপ বিরুদ্ধ ধর্ম্ম প্রতিপাদিত হইয়াছে, এবং জীবেরও সাবয়বত্ব
যুক্ত হয় না, কেন না তাহা হইলে তাহার অনিত্যত্ব
হয়; অতএব জীবাদি সপ্ত পদার্থ-বাদির মত সঞ্চত
নহে ৷৷ ৬ ৷৷

সপ্তমাধিকরণ

তার্কিক ও শৈবেরা জগতের প্রতি ঈশরের কেবল নিমিস্ত কারণত্ব স্বীকার করে এবং এই যুক্তি বলে যে যেমন কুস্তকার দণ্ড চক্র স্থ্র সলিলাদি লইয়া ঘটাদি উৎ-পন্ন করে তজ্ঞপ ঈশর নিমিস্ত কারণ মাত্র হয়েন, উপাদান নহেন, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে যদি ঈশ-রের কেবল নিমিস্ত কারণ মাত্রত্ব স্বীকার কর তাহা হইলে ঈশরেতে বৈষম্য নৈঘূণ্য দোষ উপস্থিত হয়, তাহাতে যদি তমি প্রাণি কর্ম সাপেক্যা রূপে বেদ প্রমাণ অক্ষীরার করিয়া দোষের পরিহার কর তাহা হইলে তুমি যে উপাদানবাদ না মানিয়া কেবল নিমিত্তত্ববাদ স্বীকার কর, তাহা পরিত্যাগ করিতে হয় 11 9 11

অফিমাধিকরণ

পঞ্রাত্র ভগবদ্বপাদকেরা বলে, যে এক মাত্র ভগবান্
বাসুদেব জগতের উপাদন এবং নিমিন্ত উভয় কারণ হয়েন, তাঁহার আরাধনাতেই মুক্তি হয়, তাঁহা হইতে সন্ধর্মগাখ্য জীব, জীব হইতে প্রছ্যমুখ্য মন, মন হইতে অনিরুদ্ধাখ্য অহস্কার উৎপন্ন হয়, ইহারদিগকে চারি ব্যুহ বলে,
এই চারি ব্যুহ দারা সমুদায় জগৎ ব্যাপ্ত আছে, ইহা পূর্ব্বপর্কা। ইহার উত্তর এই যে পূর্ব্বোক্ত বাসুদেব ও তদারাধনাদি শ্রুতির অবিরোধি হেতু স্বীকার করি, কিন্তু তাহাতে
জীবের উৎপত্তি যে উক্ত হইয়াছে তাহা অন্যায্য, যে
হেতু তাহা স্বীকার করিলে রুত নাশাদি দোষ অঞ্চীকার
করা হয়, অতএব জীবের উৎপত্তি স্বীকার্য্য নহে ।৮।।

ইতি দিতীয়াধ্যায়ে দিতীয়পাদ।

দিতীয়াধ্যায়ে তৃতীয়পাদ

প্রথমাধিকরণ

তৈত্তিরীয় উপনিষদে উক্ত হইয়াছে যে সেই প্রমান্তা হইতে আকাশ উৎপন্ন হইয়াছে, এই বিষয় বাক্যেতে যে উৎপন্ন শব্দ উক্ত হইয়াছে তাহা বিহিত নহে, কারণ আকাশ নিত্য পদার্থ, তাহার উৎপত্তি সম্ভব হয় না সুত-রাং এস্থলে যে উৎপত্তি শব্দ আছে তাহাকে গুণ-যৌগিক বলা যায়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে আকাশ নিত্য নহে যেহেতু তাহা হইলে এক বস্তু জ্ঞানেতে যে সর্ব্ব বস্তু জ্ঞান হয় তাহার আর স্থল থাকে না, কারণ ঈশ্বরকে জানিলে তাহার কার্য্য মাত্রই জানা যায় অন্য বস্তু কি প্রকারে জানা যাইতে পারিবেক 11>11

দ্বিতীয়াধিকরণ

তৈন্তিরীয় উপনিষদে পুনর্বার কথিত হইরাছে যে আ-কাশ হইতে বায়ু উৎপন্ন হয়, এই বিষয় বাক্যে যে উৎ- পত্তি শ্রুত হইয়াছে ইহাকে গৌণ বলিতে হইবে, কারণ ছান্দোগ্য উপনিবদে সৃষ্টি প্রকরণে কেবল অগ্নিজ্ঞল অন্ধের উৎপত্তি উক্ত হইয়াছে, রহদারণ্যকে বায়ুর উৎপত্তি নিষদ্ধি আছে অতএব বায়ু নিত্য ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে ছান্দোগ্যে বায়ুর জন্ম অশ্রুত হইলেও তৈত্তিরীয় শ্রুতির সহিত একবাক্যতা হেতু তাহার জন্ম স্বীকার করিতে হয় অতএব রহদারণ্যক শ্রুতিকে গৌণ বলা যায় সুতরাং স্বরূপতঃ বায়ু উৎপন্ন হয় ॥ ২ ॥

তৃতীয়াধিকরণ

ছান্দোগ্য উপনিষদে উক্ত হইয়াছে যে, হে প্রিয় শিষ্য!
এই জগৎ উৎপত্তির পূর্বো কেবল সৎ মাত্র বর্ত্তমান
ছিলেন, এই বিষয় বাক্যেতে যে সৎ শব্দ আছে সেই
সক্রপ ব্রহ্ম জন্মবান্ হয়েন, যে হেতু আকাশাদি সমুদায়
কারণই জন্ম বিশিষ্ট দেখা যায়, ইহা পূর্বাপক্ষ ৷ ইহার
সিদ্ধান্ত এই যে সক্রপ ব্রহ্ম জন্য নহেন যেহেতু তাঁহার
কোন,কারণ দেখিতে পাওয়া যায় না এবং তাঁহা হইতেই
সকলের উৎপত্তি প্রতীত হইতেছে ॥৩॥

চতুর্থাধিকরণ

ছান্দোগ্য উপনিষদে ব্রহ্ম হইতে তেজের উৎপত্তি উক্ত হইয়াছে কিন্ত তৈত্তিরীয় উপনিষদে বায়ু হইতে তে-জের জন্ম কথিত সাছে তাহাতে বায়ুর অনন্তর তেজের উৎপত্তি এমন অর্থ স্বীকার করিলে কেবল ব্রহ্ম হইতেই তেজ উৎপন্ন ইহা অক্লাকার করিতে হয়, ইহা পূর্ব্যপক্ষ! ইহার উত্তর এই যে উভয় শুন্তির একবাক্যতা করিয়া দে-থিলে কলতঃ এই অর্থ হয় যে কার্য্য কারণের অভেদ রূপে বায়ুভূত ব্রহ্ম হইতে তেজের উৎপত্তি হয় 11811

পঞ্চমাধিকরণ

যদিও ছান্দোগ্য ও তৈজিরীয় উপনিষদে অগ্নি হইতে জলের উৎপত্তি উক্ত হইয়াছে বটে, তথাপি তাহা যুক্তিসিদ্ধানহে, যেহেতু নিবর্ত্ত্যা নিবর্ত্তক ৰূপ বিরুদ্ধা ধর্মা বিশিষ্ট
অগ্নি ও জল উভয়ের কার্য্য কারণ ভাব হইতে পারে না,
ইহা পূর্ব্বপক্ষ । ইহার উত্তর এই যে পঞ্চীকৃত দৃশ্যমান
সেই উভয়ের বিরোধ থাকিলেও অপঞ্চীকৃত তত্ত্ভয়ের
বিরোধ নাই এবং অধিক উত্তপ্ত হইলে ঘর্ম্মের উৎপত্তি
দর্শন হেতু ক্রাতিসিদ্ধা তেজৰূপ ব্রহ্মা হইতে জলের উৎপত্তি
ইহা সিদ্ধা হইল ।। ৫ ।।

ষষ্ঠাধিকরণ

ছান্দোগ্য উপনিষদে উক্ত হইয়াছে যে জল হইতে অন্ন উৎপন্ন হয়, এস্থলে যে অন্ন শব্দ উক্ত আছে ইহা লোক-প্রাসিদ্ধ ধান্য যবাদি শস্য বোধ হয়, ইহা পূর্ব্বপক্ষ। ই-হার উক্তর এই যে, এস্থলে অন্ন শব্দের অর্থ পৃথিবী, যে হেতু এস্থলে পঞ্চ মহাভূত সৃষ্টিরই অধিকার এবং তৈত্তি- রীয় শ্রুতির সহিত একবাক্যতাতেও তাহাই বোধ হয়, আর কার্য্য কারণ ৰূপ শস্য ও পৃথিবীর অভেদ স্বীকার করিলেও তাহা সিদ্ধ হয় 11 ৬ 11

সপ্তমাধিকরণ

পূর্ব্বাক্ত অধিকরণ সকলেতে পূর্ব্ব পূর্ব্ব কার্য্যোপাধিক বন্ধ হইতে উন্তরোন্তর কার্য্যের উৎপত্তি ৰূপ যে সিদ্ধান্ত করা হইরাছে তাহা অযুক্ত, যেহেতু ব্রহ্ম নিরপেক্ষ কেবল আকাশাদি হইতে উন্তরোন্তর কার্য্যোৎপত্তি ক্রুতিতে স্পর্য প্রতীতি হইতেছে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে অন্তর্যামি প্রতিপাদক বাক্যেতে আকাশাদির স্বতন্ত্র শক্তি নিবারণ পূর্ব্বক ব্রহ্ম সাপেক্ষত্ব উক্ত হইরাছে এবং ব্রহ্ম নিরপেক্ষ কেবল অচেতন আকাশাদির স্কৃক্ষণ পূর্ব্বক সৃষ্টিকর্ত্বন্ত সম্ভবে না সূত্রাং পূর্ব্ব পূর্ব্ব কার্য্যোপাধিক ব্রহ্ম হইতে উন্তরোন্তর কার্য্যের উৎপত্তি সিদ্ধাহ্মী না

অস্ট্রমাধিকরণ

আকাশাদি উৎপত্তির যেৰূপ ক্রম উক্ত হইয়াছে লয়ে-তেও সেইৰূপ ক্রম স্বীকার করা যায়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে লয় কালে সৃষ্টির বিপরীত, ক্রম অঙ্গীকার করিতে হয়; যেহেতু কারণ নাশের পরেতে আর কার্য্যের কিঞ্চিৎ কাল স্থিতি দেখিতে পাওয়া যায় না এবং পুরা- ণেতেও তাহাই প্রতিপাদন করিয়াছেন অতএব পৃথিব্যাদি কমে লয় ইহা সিদ্ধা। ৮ ॥

নবমাধিকরণ

মুগুক উপনিষদে উক্ত হইরাছে যে এই ব্রহ্ম হইতে প্রাণ, মন, সমুদার ইন্দ্রির এবং আকাশ, বায়ু, জ্যোতি, দল ও জগতের আধার এই পৃথিবী উৎপন্ন হয়, এই প্রতিতে আকাশাদির পূর্বের প্রাণাদির উৎপত্তি উক্ত হওয়াতে পূর্বেরাক্ত আকাশাদি সৃষ্টি ক্রম সম্ভবে না, ইহা পূর্বের পক্ষ ৷ ইহার উত্তর এই যে প্রাণ মনঃ প্রভৃতির ভৌতিক্র প্রযুক্ত তাহারা আকাশাদি ভূতেরই অন্তর্গত, সুতরাং তাহারদিগের উৎপত্তিক্রম পৃথক্ নহে, অতএব আকাশাদি সৃষ্টিক্রম অসমূত নহে ৷৷ ১ ৷৷

দশমাধিকরণ

শ্বনপত জীবদিগের জন্ম মরণ আছে কি না? এই বিষযেতে উৎপত্তি ব্যবহার ও জাত কর্মাদি শান্ত্রীয় সংস্কার প্রমাণ থাকাতে আপাতত জীবের জন্ম মরণ সম্ভব বোধ হয়,
ইহা পূর্ববিপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে জীবের জন্ম মরণ
শীকার করিলে কুতনাশ ও অকুতাগম দোষ হয় এবং উপনিষদে, দেহের জন্ম মরণ নিরূপণ করিয়া জীবের তাহা
নিরাকরণ করিয়াছেন অতএব শ্বরূপত জীবের জন্ম মরণ
নাই।। ১০।।

একাদশাধিকরণ

সৃষ্টি কালে জীবের উৎপত্তি ব্যতীত সৃষ্টির পূর্বের ব্র-ক্ষের অন্বিতীয়ত্ব সম্ভব হয় না এবং শ্রুতিতেও জীবের উৎপত্তি বর্ণিত আছে অতএব কম্পের আদিতে আকা-শাদির ন্যায় জীবও উৎপন্ন হয়, ইহা পূর্ব্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে অদ্বিতীয় পরব্রহ্ম বৃদ্ধি উৎপন্ন করিয়া তা-হাতে প্রবেশ পূর্ব্বক জীব হয়েন ইহা শ্রুতিতে স্পন্ট কথিত আছে অতএব জীব উৎপন্ন না হইলেও অন্বয় শ্রুতির বি-রোধ নাই 11 ১১ 11

দ্বাদশাধিকরণ

ি নৈয়ায়িক মতে জীব চৈতন্যস্বৰূপ নহেন, যেহেতু সুবৃপ্তি মৃচ্ছ্ । ও সমাধি কালে চৈতন্য উপলব্ধি হয় না, কিন্তু জাগ্ৰৎ কালে আত্ম মনঃসংযোগে তাঁহার চৈতন্য গুণ জন্মে ইহা পূর্ব্বপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে নৈয়ায়িক মত অত্যন্ত অযুক্ত যেহেতু ব্রহ্মচৈতন্যই জীবৰূপে শরীরে প্রবিষ্ট হয়েন ইহা ক্রতিতে স্পষ্ট, ব্যক্ত আছে এবং সুবৃপ্তি প্রভৃতিতেও চৈতন্যের অভাব হয় না 11>২1

ত্রয়োদশাধিকরণ

জীব অণু পরিমাণ হয়েন যেহেতু অণু শব্দ, উৎক্রান্তি,
চল্রু লোকে গমনাগমন ইত্যাদি গুণ সকল সর্বাগত
বস্তুর সম্ভব হয় না, ইহা পূর্বাপক্ষ ৷ ইহার উত্তর এই যে

চৈতন্য প্রতিবিশ্ব সহিত বৃদ্ধি সর্বাণ্ত নহে, সুতরাং ততু-পাধিক জীবের অসর্বাণত প্রযুক্ত অণুত্বাদি উপপন্ন হয় কিন্তু স্বৰূপতঃ জীব সর্বাণত ত্রন্মের স্বৰূপ অতএব তাহার সর্বাণত-ত্বই যুক্ত হয় সুতরাং তিনি স্বৰূপত অণু পরিমাণ নহেন ১১৩

চতুর্দশাধিকরণ

সাংখ্যেরা বলে, জীব কর্জা নহেন যেহেতু পরিণামিত্ব প্রযুক্ত বুদ্ধির কর্তৃত্ব হইতে পারে কিন্তু অসঞ্চ জীবের তাহা সম্ভব হয় না ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে করণ শক্তি বিশিষ্ট বুদ্ধির কদাপি কর্তৃ শক্তি নাই সুতরাং যাগাদি ব্যাপারে, শ্রবণাদি ব্যাপারে ও লৌকিক কৃষি কার্ঘাদি ব্যাপারে কর্তৃত্বের প্রয়োজন হেতু জীবই কর্তা হেন্থেন ১৯১১

পঞ্চদশাধিকরণ

পূর্বাধিকরণে প্রতিপাদিত যে কর্তৃত্ব তাহা স্বরূপত কি অধ্যস্ত, এই বিষয় বাকোতে প্রথমতঃ জীবের কর্তৃত্ব স্বরূপতই বোধ হয়, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে ক্রুতিতে জীবের কর্তৃত্ব প্রতিষেধ হেতু যেমন জবাকুসুম সন্নিধানে ক্ষটিকে রক্ত বর্ণের অধ্যাস হয় তক্ষপ অন্তংকরণ সন্নিধানে জীবেতে কর্তৃত্বের অধ্যাস স্থীকার করা যায় ব-স্কৃত তাহা সত্য নহে ।।১৫।।

ষোড়শাধিকরণ

ধর্মাধর্ম প্রবৃত্তিতে অনুরাগ ও বিদ্নেষর প্রবর্ত্তকত্ব লোক প্রসিদ্ধ হেতু জীবই ধর্মাধর্মের প্রবর্ত্তক হউক, কেন না ঈশ্বরকে তাহার প্রবর্ত্তক স্বীকার করিলে বৈষম্য দোষ হয়, ইহা পুর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই ঘে উক্ত ধর্মাধর্মেতে সামান্যত ঈশ্বরের প্রবর্ত্তকত্ব হেতু তাঁ-হাতে বৈষম্য দোষ হয় না এবং রাগদ্বেষের কারণত্ব থাকি-লেও ঈশ্বরের হেতুত্বে কোন হানি নাই, অতএব ঈশ্বরই জীবের ধর্মাধর্ম প্রবর্ত্তক 11১৬।।

সপ্তদশাধিকরণ

কোন কোন বাক্যেতে জীব ও ঈশ্বরেতে অভেদ প্রতিপাদিত আছে, আর কোন কোন বাক্যে ততুভয়ের ভেদ প্রতিপন্ন করে, ইহাতে পরস্পরের বিরোধ থাকাতে ব্রহ্মাদিদিগের মতে জগতের ব্যবস্থা থাকে না, ইহা পূর্ব্বপক্ষ হ ইহার সিদ্ধান্ত এই যে যদিও ঈশ্বর ও জীবের বাস্তবিক ভেদ নাই তথাপি উপাধিক ভেদ স্বীকার করিয়া শাস্ত্রে তিন প্রকারে জীবের স্বরূপ নির্দাণত হইয়াছে, অর্থাৎ কোথাও বা জীবকে ঈশ্বরের অংশ রূপে, কোথাও বা অবাছিন্ন রূপে, কোথাও বা আভাস রূপে কম্পনা করিয়াছেন সুতরাং উপাধিক ভেদেতে কোন দোষ হইতে পারে না ১৭

ইতি দিতীয়াধ্যায়ে তৃতীয়পাদ।

দিতীয়াধ্যায়ে চতুর্থপাদ

প্রথমাধিকরণ

ঞাতিতে উক্ত আছে যে এই জগতে পূর্বে কিছু মাত্র ছিল না, তবে তৎকালে কি ছিল? এপ্রশ্নের সিদ্ধান্ত এই যে তৎ কালে কেবল ইন্দ্রিয় সকল ছিল, এই বাক্যে সৃষ্টির পূর্বে ইন্দ্রিয়ের সদ্ভাব ব্যক্ত থাকাতে তাহারদিগকে অনাদি বলা যায়, ইহা পূর্ববিপক্ষ । ইহার উত্তর এই যে ইন্দ্রিয়ের উৎপত্তি স্বীকার না করিলে এক বিজ্ঞানে সর্বা বস্তু জ্ঞান-সম্পন্ন হয় না এবং ইন্দ্রিয়ের উৎপত্তি ও ভূত কার্য্যস্ব গ্রুতিতে স্পন্ধ আছে, অতএব ইন্দ্রিয় সকল আত্মা হইতে উৎপন্ন, ইহা সিদ্ধ হইল 11 ১ 11

দ্বিতীয়াধিকরণ

সামান্য ৰূপে ও বিশেষ ৰূপে কোন কোন শ্রুতিতে ইন্দ্রিয়ের সপ্ত সংখ্যা উক্ত থাকাতে কেহ কেহ ইন্দ্রিয়েরণ সপ্ত সংখ্যাই স্বীকার করিয়া থাকে, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে অন্য নানা শ্রুতিতে হস্তপাদাদির ইন্দ্রিরত্ব উক্ত থাকাতে এবং ইন্দ্রিয়ের একাদশ বিষয়ের উপলব্ধি হওয়াতে তাহার সাধন ইন্দ্রিয়কে একাদশ বলিয়া বেদান্তে স্বীকৃত হইয়াছে 11২ 11

ভূতীয়াধিকরণ

সাংখ্যেরা স্বীকার করে যে ইন্দ্রিয় সকল সর্বব্যাপী, কেবল জীবদিগের কর্ম্মকল ভোগের নিমিন্তে শরীর মধ্যে পরিচ্ছিন্ন হইয়া বৃত্তি লাভ করে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে সর্বব্যত জীবের ইন্দ্রিয় উপাধি স্বীকার করিয়া উৎক্রান্তি ও গমনাগমনাদি নির্দাণত হইয়াছে, তাহাতে যদি সেই উপাধিও সর্বব্যত হয় তবে উৎক্রান্ত্যাদি আর কোন প্রকারে সন্তব হয় না, অতএব ইন্দ্রিয় সকল সর্ব্বগত নহে, পরিচ্ছিন্ন ৷৷ ৩ ৷৷

চতুর্থাধিকরণ

নাশাগ্রবর্ত্তি নিঃশ্বাসকারী প্রাণবায়ুকে অনাদি বলা বায়, যেহেতু ত্রুতিতে সৃষ্টির পূর্বের প্রাণের ব্যাপার উক্ত আছে; ইহা পূর্বেপক্ষ । ইহার সিদ্ধান্ত এই যে ত্রুতিতে যে ব্যাপার উক্ত হইয়াছে তাহা প্রাণের ব্যাপার নহে, কেন না বরং তাহাতে প্রাণের ব্যাপার নিষেধ আছে, কিন্তু সৃষ্টির প্রাণবস্থা প্রতিপাদক সমস্ত ক্রুতিতে ঐক্য করিলে সে

ব্যাপারে পরব্রক্ষের সন্তাই প্রতিপাদিত হয়, আর অপরা-পর শ্রুতিতে প্রাণের জন্মও উক্ত আছে, অতএব ই**ন্দ্রি**-য়ের ন্যায় প্রাণ উৎপন্ন হয় 11811

পঞ্মাধিকরণ

বাহ্য বাহ্যু সকল নাশিকা ছিদ্রে প্রবেশ করত প্রাণ নামে ব্যক্ত হয়, নতুবা প্রাণ নামে যে কোন পৃথক্ পদার্থ আছে এমত নহে, যেহেতু শুতিতে বাহ্যু ও প্রাণ উভয় এক পদার্থ বলিয়া উক্ত হইয়াছে, অথবা শরীর চালন ৰূপ সমুদায় ইন্দ্রিয়ের ব্যাপার সমন্টির নাম প্রাণ, যাহা সাং-খ্যেরা স্বীকার করে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে শুক্তান্তরে বাহ্যু ও প্রাণ উভয়কে পৃথক্ পদার্থ বলিয়া নির্ণর করাতে প্রাণকে স্বতন্ত্র পদার্থ বলিয়া স্বীকার করা বায়, অতএব সাংখ্যাক্ত মত গ্রাহ্য হইতে পারে না যেহেতু নানা ইন্দ্রের নানা প্রকার ব্যাপারকে একরূপ করা যুক্তি সিদ্ধ হয় না ৷৷ ৫ ৷৷

যন্তাধিকরণ

অতি ক্ষুদ্র জন্ত পুত্তিক। অবধি সর্বাত্মক হিরণাগর্ত্ত পর্যান্ত সর্বা দেহে সমভাবে প্রাণের অবস্থিতি ক্রতিতে উক্ত হওয়াতে প্রাণকে সর্বা ব্যাপী বলা যায়, ইহাপুর্বাপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে আধিদৈবিক সমন্টি প্রাণ, হিরণাগর্ত্ত সর্বাব্যাপী বটে, তাঁহাকেই উপাসনার নিমিত্তে পুত্তিকা অবধি হিরণাগার্ত্ত পর্যান্ত ব্যাপী বলিয়াছেন কিন্তু আধ্যা-ত্মিক প্রাণ ব্যাপী নহে, তাহাকে অদৃশ্য ও পরিছিন্ন বল। যায় 11 ৬ 11

সপ্তমাধিকরণ

বাগাদি ইন্দ্রিয়ণ স্ব স্ব বিষয়ে স্বয়ং প্রবৃত্ত হয়, তাহারা কোন দেবতার পরতন্ত্র নহে, দেবতা পরতন্ত্র হইলে
দেবতাদিগেরই সমুদায় বিষয় ভোগ হয় জীবের হইতে
পারে না, ইহা পূর্ব্বপ্রকা। ইহার উত্তর এই যে যেহেতু
ক্রতিতে দেবতাধীনত্ব ইন্দ্রিয়দিগের ব্যক্ত আছে তাহাতে
বিষয় ভোগ কেবল দেবতাদিগের হইতে পারে না দেবতা
কর্ত্বক প্রেরিত ইন্দ্রিয় র্ত্তি দ্বারা বিষয় ভোগ জীবেরও
হইয়া থাকে তাহাতে সূতরাং ইন্দ্রিয়ণ দেবতা বিশেষের
অধীন ॥৭॥

অস্ট্রমাধিকরণ

বাগাদি ইন্দ্রিয়গণকে প্রাণের রুজি বিশেষ বলা যার যেহেতু ক্রতিতে এবং লোক ব্যবহারেতে প্রাণ রুজি, শব্দে ইন্দ্রিয়গণ ব্যবহৃত হইয়াছে অতএব ইন্দ্রিয়গণ প্রাণ হই-তে পৃথক্ নহে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে অনেকানেক ক্রতিতে প্রাণ রুজি ও ইন্দ্রিয় রুজিয় পৃথক্ পৃথক্ নির্দেশ থাকাতে এক্য প্রতিপাদক ক্রতিকে গৌণ বলিতে হয় এবং বছ স্থলে পৃথক্ ব্যবহারও দৃষ্ট হয় অত- এব বৈলক্ষণ্য হেতু প্ৰাণ হইতে যে ইন্দ্রি পৃথক্ তাহাতে কোন সন্দেহ নাই ৷৷ ৮ ৷৷

নব্মাধিকরণ

পৃথিব্যাদি ভূত সমুদায়ের স্রস্থী ঈশ্বর, কিন্তু ভৌতিক দৃশ্যমান পর্বত রক্ষাদির স্রস্থী জীবকে বলা যায় যেহেতু কোন কোন শুতিতে ভৌতিক সৃষ্টি বিষয়ে জীবের অন্বয় দৃষ্ট হয়, ইহা পূর্ববিক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে ঈশ্বর জীবরপে দেহে প্রবেশ করিয়াছেন বলিয়া প্রবেশেতে জীবের অন্বয়, নতুবা ভৌতিক সৃষ্টিতে জীবের অন্বয় নহে, কেন না গিরি নদী সমুদ্রাদি নির্মাণে জীবের সামর্থ্য নাই, অতথ্য ঈশ্বরই জগৎ নির্মাণের কর্ত্তা ৷৷ ৯ ৷৷

ইতি দিতীয়াধ্যায়ে চতুর্থপাদ। দিতীয়াধ্যায় সমাপ্ত।

তৃতীযাধ্যাযে প্রথম পাদ

প্রথমাধিকরণ

পূর্ব্ব পূর্ব্ব পাদে জীবের লোকান্তর গমনাগমন প্রতিপাদিত হইয়াছে, তাহাতে সেই গমনাগমন কালে জীব দেহবীজভূত স্থান ভূত সকলকে গ্রহণ না করিয়াই লোকান্তরে গমন করেন যেহেতু তাহা সর্ব্বত্রই সুলভ, অতএব তাহা লইয়া যাইবার আবশ্যকতা নাই, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে দেহের বীজ স্থান ভূত সর্ব্ব লোকে সুলভ নহে অতএব তাহা লইয়া লোকান্তরে গমন করা আনবা্যক, প্রতিতে তাহাই স্পাইকপে নিদ্দিষ্ট হইন্য়াছে ৷৷ ১ ৷৷

দ্বিতীয়াধিকরণ

স্বর্গ ভোগ করিয়া ইহ লোকে আগমন কালে জীর স্কুলের আর কর্মাবশেব থাকে না, যাহা কিছু কর্ম থাকে স্বর্গে তাহার সমুদায় ভোগ করিয়া তদবসানে ইহ লোকে আগমন হইয়া থাকে, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে স্বর্গ উদ্দেশে অনুষ্ঠিত যে কর্ম্ম তাহার সমুদায়ের ভোগ হইলেও অন্যান্য প্রকার সঞ্জিত পুল্য পাপ থাকিতে পারে, এবং তাহার সহিত জীব লোকান্তরে গমন করে, নতুবা সদ্যঃ প্রস্থৃত বালকের পাপ পুল্যের অভাব হেতু সুথ ছঃখা-দি হইতে পারে না, অতএব কর্মাবশেষের সহিত জীব লোকান্তরে গমন করিয়া থাকে ৷৷ ২ ৷৷

তৃতীয়াধিকরণ

শ্রুতিতে উক্ত হইয়াছে, যে যে কোন ব্যক্তি ইহ লোক হইতে অবসূত হয়, তাহারা সকলেই চন্দুলোকে গমন করে, অতএব পাপিদিগেরও চন্দু লোকে গমন হয়, যাদও' তাহারদিগের তথায় ভোগ সম্ভব হয় না বটে, তথাপি পুন-ক্বার শরীর গ্রহণের নিমিত্তে তাহারা তথায় গমন করে, ইহা পূর্ব্বপক্ষ । ইহার উক্তর এই যে চন্দু লোকে গমন কেবল ভোগের নিমিত্তেই হইয়া থাকে নতুবা তাহাতে আর কিছু মাত্র লাভ নাই, অতএব পাপিদিগের তথায় গমন হয় না, তাহারদিগের যম লোকে গমন হয়, অতএব শ্রুতিতে যে অবিশেষ উক্তি সে কেবল সুক্তি বিষয় 11 ৩ 11

চতুর্থাধিকরণ

শ্বৰ্গ হইতে অৱতরণ বিষয়ে এই শ্রুতি আছে য়ে, পূৰ্বে যে প্রকারে গমন হইয়াছে সেই ৰূপেই আগমন হয় অর্থাৎ আকাশ হইতে বায়ু,বায়ু হইতে ধূম ইত্যাদি, অতএব আকাশ হইতে অবরোহী জীবের যে আকাশাদিতে
গতি তাহাতে জীব আকাশাদির শ্বরূপই হয়, নতুবা তৎ
কালে আকাশ হইতে পৃথক হওয়া সম্ভব হয় না, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সিদ্ধান্ত এই যে জীবের আকাশাদি শ্বরূপ
হওয়া কোন নতেই সমূত নহে, তবে আকাশ প্রাপ্তির অর্থ
এই যে আকাশের ন্যার স্কুক্ম রূপ প্রাপ্তি হয় ৷৷ ৪ ৷৷

পঞ্চমাধিকরণ

স্বর্গ হইতে অবতরণ কালে স্বর্গ, র্টি, পৃথিবী, পুরুষ ও ঘোষিৎ এই পাঁচেতে ক্রমে ক্রমে আগত হইয়া জীব জন্ম গ্রহণ করে, ইহার মধ্যে স্বর্গ ও র্টিতে জীবরে স্থিতি কালে ত্বরা বা বিলয়ের উক্তি না থাকাতে সে স্থানে তিরিবয়ের অনিয়ম বলা যায়, ইহা পূর্ব্রপক্ষ। ইহার উত্তর এই যে পৃথিবী প্রাপ্তি অর্থাং শস্য ভাবাপত্তি বলিয়া, ইত্যাদি হইতে নির্গত হওয়া কন্ট্রসাধ্য রূপে ক্রেতিতে নির্দেশ থাকাতে সুতরাং শস্যাদি ভাবাপত্তিতে বিলম্ব এবং স্বর্গ ও র্টিতে ত্বরা ইহা নির্দেশ করা হইয়াছে।। ৫ ।।

ষষ্ঠাধিকরণ

স্বৰ্গ হইতে জন্ম গ্ৰহণ কালে আকাশাদিতে সংশ্লেষ মাত্ৰ উক্ত হইয়াছে কিন্তু শস্যাদিতে তাহা উক্ত হয় নাই অত এব শস্যাদিতে জীবের মুখ্য জন্ম বলিতে হইবে, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে শস্যাদিতেও সংশ্লেষ মাত্র, তাহাতে মুখ্য জন্ম নহে, যে স্থলে মুখ্য জন্ম কথিত হয় সেখানে পাপ পুণ্য জনক কন্মের আদেশ থাকে, এখানে তাহা নাই সুতরাং এখানে মুখ্য জন্ম নহে 11 ৬ 11

ইতি তৃতীযাধ্যাযে প্রথম পাদ।

ত্তীয়াধ্যায়ে দ্বিতীয় পাদ

প্রথমাধিকরণ

শ্রুতিতে কথিত আছে যে স্বপ্ন কালে রথ, রথারোহণ ও পথ প্রভৃতি সৃষ্টি হয়, অতএব উক্ত রথাদি সৃষ্টি সত্যই ক্রতে পারে, যেহেতু স্বপ্ন দৃষ্ট ভোজনেতে তৃপ্তি হওয়াতে তাহাকে সত্য বলিয়া থাকে,ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার উত্তর এই যে স্বপ্ন সৃষ্টি মিথ্যা,তাহা যথার্থ সৃষ্টি নহে, যেহেতু তাহাতে উচিত দেশ কালের সম্ভাবনা নাই, কেন না স্বপ্নের আধার অতি স্ক্রম নাড়ীমধ্যে গিরি নদী সমুদ্রাদির উৎপত্তি সমূত নহে এবং শ্রুতিতেও তৎকালে অভাব পূর্ব্বক রথাদি সৃষ্টি বর্ণিত হইয়াছে ৷৷ ১ ৷৷

দ্বিতীয়াধিকরণ

কোন কোন শ্রুতিতে স্বপ্ন কালে নাড়ী মধ্যে জীবের প্রবেশ, কোন শ্রুতিতে নাড়ী বিশেষের সহিত তাহার সং-যোগ, আর কোন শ্রুতিতে ব্রস্ক্রেজ জীবের আঞ্জিতত্ব উক্ত হইয়াছে, তাহাতে এ তিন প্রকারই স্বপ্নের বিকল্পিত স্থান বলিয়া স্বীকার করা যায়, ইহা পূর্ব্বপক্ষ ৷ ইহার সি-দ্ধান্ত এই যে উক্ত তিন স্থান বিকল্পিত নহে, তাহার কারণ এই যে অন্যত্র শ্রুতিতে নাড়ীকে পথ স্বৰূপ, নাড়ী বিশেষ-কে গৃহস্বৰূপ ও বুল্লকে শ্যাস্থৰূপে বর্ণিত আছে, অতএব স্থপ্ন স্থান একই মাত্র ৷৷ ২ ৷৷

তৃতীয়াধিকিরণ

যেমন সমুদ্র জলে অন্য জলবিন্দ্র প্রক্রিপ্ত হইলে তাহাকে '
বিশেষ করা যায় না তজ্ঞপ স্বপ্ন কালে জীব বুদ্ধ প্রাপ্ত হইয়া জাগ্রহকালে পুনর্বার সেই যে উল্থিত হইবে এমত বিশেষ করা সম্ভব নহে, অতএব জাগ্রহকালে অন্য যে কেহ এক জীব' উল্থিত হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে ইহা অতি অন্যায়, যেহেতু উপাধি বেটিত জীব স্বপ্ন কালে নিরূপাধি বুদ্দেতে লীন হয় সূত্রাং তাহার বিশেষ করা যাইতে পারে, জল সে রূপ নহে, অতএব যে জীবের স্বপ্ন হয় তাহারই উপান হয়।। ৩।।

চতুর্থাধিকরণ

জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি এই তিন অবস্থা হইতে 'অতি-রিক্ত আর অরস্থা প্রসিদ্ধ নাই, অতএব মুর্চ্ছা যে অবস্থা তাহা পৃথক নহে এই তিনের মধ্যে অন্তর্ভুত, ইহা পূর্ব-ক্ষাঃ ইহার উত্তর এই যে মুর্চ্ছাকে অবস্থান্তর বলিয়া স্বীকার করা যায়, যেহেতু অন্যান্য অবস্থা হইতে মুচ্ছার. বিশেষ লক্ষণ জন্য তাহাতে ইহার অন্তর্ভাব হইতে পারে না 11 8 11

পঞ্চমাধিকরণ

কোন কোন শ্রুতিতে বুক্ষের ৰূপ বর্ণিত আছে, আর কোন শ্রুতিতে তাঁহার অৰূপ বলিয়া বর্ণন আছে অতএব বৃদ্ধ উভয় ৰূপ, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে শ্রুতি যুক্তি ও অনুভবেতে নীৰূপ বৃদ্ধই স্বতঃ সিদ্ধ প্রতিপাদিত হইয়াছে, তাৎপর্য্যের অভাব হেতু তাঁহার ৰূপবস্থ প্রামাণ্য নহে,অতএব বস্তুত বৃদ্ধ নীৰূপ 11৫11

যন্ঠাধিকরণ

কোন কোন শ্রুতিতে অভ্যন্ত প্রয়াসে বুদ্ধের মূর্ত্ত ও অমূর্ত্ত উভয় রূপ বর্ণনা করিয়া শেষে নেতি নেতি বলিয়া নিষেধ করিয়াছেন, তাহাতে বোধ হয় বুদ্ধা পর্যান্ত নিষেধ হইয়াছে, নতুবা জুইবার নিষেধের প্রয়োজন কি, ইহা পূর্ব্ব-পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে জুইবার নিষেধে সমুদার দুশ্য পদার্থ প্রতিষেধ করিয়া এই বলা হইয়াছে যে ইহা বুদ্ধা নহে, নতুবা বুদ্ধা উপদেশ করিবার জন্য এত প্রয়াস করিয়া তাহাকে নিষেধ করিবার তাৎপর্য্য কি, অত্এব বুদ্ধা নিষিদ্ধানহেন, নিষেধাতীত সত্য বস্তু 11 ৬ 11

সপ্তমাধিকরণ

যদিও পূর্ব্বোক্ত অধিকরণেতে নেতি নেতি ৰূপে দৃশ্য পদার্থের নিষেধ করা হইয়াছে, তথাপি বুদ্ধ হইতে দিতীয় কোন নিত্য বস্তু স্বীকার করিতে হয় যেহেতু বুদ্ধকে সেতু বলিয়া বর্ণনা আছে, তাহাতে সেতু উত্তীর্ণ হইয়া অন্য বস্তু প্রাপ্ত হওয়া আবশ্যক, এই প্রকার বুদ্ধের পরিমাণ প্র-ভৃতি বর্ণনেতেও অন্য বস্তুর সত্তা বোধ হয় অতএব বুদ্ধ সদ্বিতীয়, ইহা পূর্ব্বপক্ষঃ। ইহার সিদ্ধান্ত এই যে বুদ্ধের সেতুত্ব বা পরিমাণ বর্ণনা মুধ্য নহে, সে কেবল উপাসনার নিমিত্তে হইয়াছে, অতএব অদ্বিতীয়ত্বই যথার্থ 11 ৭ 11

অষ্ট্রমাধিকরণ

কর্ম সকল অনুষ্ঠানের পরেই নয় হয় বটে কিন্তু কালান্তরে তাহার ফল প্রাপ্তি হয়, সেই ফল প্রাপ্তির কারণ অদৃষ্ট স্বীকার করিলেই চরিতার্থ হয়,সুতরাং ঈশ্বরের কর্ম-ফল দাতৃত্ব স্বীকার করিবার প্রয়োজন নাই, ইহা পূর্ব্বপক্ষ । ইহার উত্তর এই যে কর্মা বা অদৃষ্ট ইহারা অচেতন, সুতরাং প্রতি নিয়ত ফল প্রদান করিতে ইহারদিগের সামর্থ্য নাই, অতএব ঈশ্বরকেই ফল দাতা বলিয়া স্বীকার করিতে হয় এবং প্রুতি সকলেতে তাহাই বর্ণিত আছে ।। ৮ ।।

ইতি তৃতীয়াধ্যায়ে দ্বিতীয় পাদ।

তৃতীয়াধ্যায়ে তৃতীয়পাদ

প্রথমাধিকরণ

ছান্দোগ্য ও রহদারণ্যক উভয় উপনিষদেই পঞ্চাগ্রিবিদ্যা উক্ত হইয়াছে, কিন্তু উভয়ত্র উক্ত উপাসনাকে
ত্রক বলা ৰাইতে পারে না, উভয়ত্র নাম ও ধর্ম পৃথক্
পৃথক্ উক্ত হইয়াছে, হতরাং শাখা ভেদে এউভয় উপাসনাকে পৃথক্ বলিতে হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধায়
এই যে এন্থলে শাখার ভেদ থাকিলেও বিধি, অমুষ্ঠান ও
কল ইত্যাদির অভেদ হেতু একই উপাসনা এবং নাম ও
ধর্মের যে, ভেদ উক্ত হইয়াছে তাহা যথার্থ নহে, স্কুতরাং
এউভয় একই উপাসনা। ১।

বিতীয়াধিকরণ

বাজসনেয়ক উপনিষদে প্রাণ বিদ্যাতে যে অধিক গুণ উক্ত হইরাছে তাহা ছান্দোগ্যের প্রাণ বিদ্যাতে উপসংহার করা কর্ত্তব্য নহে, যেহেতু ছান্দোগ্যে তাহা উক্ত হয় নাই, ইহা পূর্বাপক। ইহার উত্তর এই বে ছান্দোগ্যে অধিক গুণ উক্ত না হইলেও শাথান্তরে কর্যাৎ বাজসনেয়ক উপনিষদে ক্রত প্রযুক্ত তাহার উপসংহার করা কর্ত্তব্য, যেহেতু অগ্নিহোত্রাদি অনুষ্ঠানেতে তদ্ধেপ প্রত্যক্ষ হইতেছে; অতএব সর্বতি গুণোপসংহার করাই যুক্তি সিদ্ধ। ২।

ভূতীয়াধিকরণ

ছান্দোগা ও কাণু শাখাতে যে উদ্দীথ বিদ্যা উক্ত হইয়াছে, দে একই বিদ্যামাত্র, যেহেতু উভয়ত্রই নামের এক্য আছে এবং ক্রিয়াও উভয়ত্র, তুলা, ইহা পূর্ব্বপক্ষা। ইহার উত্তর এই যে, উভয় শাখায় উক্ত উদ্দীথ বিদ্যা ভিন্ন হয়, যেহেতু প্রতিপাদ্যের স্বরূপ উভয়ত্র ভিন্ন প্রকার, তবে যে নাম এবং ক্রিয়া উভয়ত্র সমান আছে, তাহা কেবল অর্থবাদ মাত্র, অতএব উভয়ত্র উদ্দীথ বিদ্যা ভিন্ন হয়। ৩।

চ**তুর্থাধিক**রণ

পূর্বাধিকরণোক্ত উদ্গীথ বিদ্যাতে অক্ষর ও উদ্গীথ এই উভরের যে সামানাধিকরণ্য উক্ত হইরাছে, তাহাতে সামানাধিকরণ্য, বাধ, ঐক্য এবং বিশেষ্যতা এই চারি প্রকার হেতু থাকাতে চারি প্রকার সন্দেহ হয়, তাহা-তে ব্রহ্ম দৃটির হেতু কি তাহা নির্দ্ধারত হয় না, যে- হৈতু ভাহার কোন নিয়ামক নাই, ইছা পুর্বাপক। ই-হার সিদ্ধান্ত এই যে উক্ত চারি প্রকারই ভাহাতে সম্ভব হয়, স্কুতরাং চারি প্রকারই ব্রহ্ম দৃষ্টির হেতু হইল, অ-ভএব পৃথক্ কল কণ্পনীয় নহে, স্কুতরাং অক্ষরই উদ্পাধ ইহা সিদ্ধাহইল। ৪।

পঞ্চমাধিকরণ

ছান্দোগ্য ও কাণু শাখাতে যে প্রাণ বিদ্যা আছে, তাহাতে কতকগুলি অতিরিক্ত গুণ উক্ত হইরাছে, কিন্তু প্রত্নর্য়ক ও কৌশীতকিতে তাহা উক্ত হয় নাই, তাহাতে বিংশক দ্বারা অন্যান্য শাখার গুণ সকল পরামৃষ্ট হ-ইয়াছে, অতএব অমুক্ত গুণ উপসংহার করা বিধেয় নহে, ইহা পুর্বাপক্ষ। ইহার উত্তর এই যে, উক্ত গুণের ন্যায় অমুক্ত গুণ সকলও এবংশক দ্বারা গৃহীত হয়, যেহেতু শুণি প্রাণ দ্বারা গুণ সকল বুদ্ধিষ্ঠ হইতে পারে, অতএব অমুক্ত গুণ সকলের উপসংহার কর্ত্ব্য। ৫।

ষষ্ঠাধিকরণ

তৈত্তিরীয় উপনিষ্ট পরবৃদ্ধ বিদ্যাতে যে আনক্ষ ও সতাত্মদি পরব্রদ্ধের গুণ দকল উক্ত হইয়াছে, তাহা ঐ তক্তৈয়কের উক্ত বিদ্যাতে উপসংহার কর্ত্তব্য নহে, যেছেছু তাহার বাবস্থা সম্ভব হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে প্রতিপঞ্জি বিধায়ক আনন্দাদি গুণের নাবস্থা যুক্ত হয় না, স্তরাং তাহারদিনের উপসংহার করা কর্ত্ব্যাঙা

স্প্রমাধিকরণ

কঠোপনিষদে উক্ত হইয়াছে যে, ইন্দ্রিয় হইতে বিবয় শ্রেষ্ঠ, বিষয় হইতে মন, মন হইতে বুদ্ধি, বুদ্ধি হইতে
প্রকৃতি, প্রকৃতি হইতে অব্যক্ত এবং তাহা হইতে পুরুষ
শ্রেষ্ঠ, পুরুষ হইতে আর শ্রেষ্ঠ নাই, এস্থলে যেমন পুরুষ
প্রতিপাদ্য তদ্ধেপ ইন্দ্রিয়ও প্রতিপাদ্য হয়,নতুবা বাক্য ভেদ
শ্বীকার করিতে হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে,
পুরুষজ্ঞানের সংসার কারণ অজ্ঞান নিবর্ত্তকত্ব হেতু পুরুষই প্রতিপাদ্য, অতএব ইন্দ্রিয় প্রতিপাদ্য নহে। ৭।

অফ্টমাধিকরণ

এই জগৎ উৎপত্তির পূর্বে কেবল একমাত্র আত্মাই
ছিলেন, এস্থলে আত্মা শব্দের বাচ্য বিরাট্, যেহেতু এখানে লোকমাত্রের স্থাটি উক্ত হইয়াছে, তাহা শরীরী বিরাটেরই সম্ভব হয়, অশরীর ঈশ্বরের সম্ভূত নহে, ইহা
পূর্বেপক্ষ। ইহার উত্তর এই যে, এক মাত্রই ছিলেন,
ইহা বলাতে অবধারণ হেতু ঈশ্বরই আত্মশন্ধার্থ এবং
উপসংহারে ঈশ্বরই উক্ত হইয়াছেন, অতএব ঈশ্বরই
আত্মশব্দের বাচ্য। ৮।

व्यक्तेमाधिकत्रत्वत बिजीय वर्गक

র্হদারণাকে আত্মা উক্ত হইয়াছে এবং ছাক্ষোগো সংবস্তু কথিত হইয়াছে, অতএব উভয় স্থলে বস্তুভেদ স্বীকার করা যায়, ইহা পূর্ব্যপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, এস্থলে সংশব্দ সাধারণ বাচী নহে,আত্ম ্বাচী, অতএব উভয়ত্র একই বস্তু প্রতিপাদিত হইয়াছে।৮।

নবমাধিকরণ

প্রাণ বিদ্যার বাক্য শেষে ভোজনের আদ্যন্তে আচমন ও প্রাণের অনগ্নতা উক্ত হইয়াছে, অতএব দেই উভয়ই প্রতিপাদ্য, ইহা পূর্ববিক্ষ। ইহার উত্তর এই যে অনগ্নতা চিন্তাই বিধেয়, ভোজনের আদ্যন্তে আচমনীয় জলেতে রস্ত্র জ্ঞান করিয়া তাহার দারা প্রাণের অনগ্রন্থ চিন্তা ক-রিবেক, অতএব এন্থলে প্রাণোপাসক দিগের প্রতি প্রা-ণের অনগ্নতা বৃদ্ধিই বিধেয়। ১।

দশমাধিকরণ

অগ্নিরহস্ত ব্রাক্ষণে এবং বৃহদারণ্যকে যে শাণ্ডিল্য বিদ্যা উক্ত হইয়াছে, তাহা উভয়ত্র উভয় বিদ্যা বলিতে হইবে, নতুবা পুনরুক্তি হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উভ তর এই ষে বেদ্য স্বরূপের প্রত্যভিজ্ঞা হেতু উভয়ত্র একই বিদ্যা যেহেতু এক স্থানে বিদ্যা বিধান করিয়া অন্যত্র তাহারই অনুবাদ হইয়াছে। ১০।

একাদশা ধিকরণ

র্হদারণ্যকের সত্য বিদ্যাতে আদিত্য পুরুষের নাম অহং উপদিই হইয়াছে, বিদার ঐক্য হেডু ছই পুরুষের নাম ঘরকে পৃথক্ বলা যার না, ইহা: পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে আদিত্য পুরুষের বর্ণনা করিয়া তাহারই নাম বিশেষ উপদিই হইয়াছে এবং অক্ষি পুরুষের বর্ণনা করিয়া তাঁহারই নাম বিশেষ বর্ণত হইয়াছে, অতএব বেদ্য বস্তুর একত্ব হই-লেও স্থান বিশেষে উভয় পুরুষের নাম পৃথক হয়। ১১।

দ্বাদশাধিকরণ

রাণায়নীয় শাখাতে উক্ত হইয়াছে যে, আব্রহ্মন্তর পর্যান্ত দ্বনল শরীরে যে বীর্যা আছে, সে সমুদায়ই পরব্রক্ষের শক্তিমাত্র এবং শাণ্ডিল্যাদি বিদ্যাতে সেই ব্রহ্মই
উপাক্ত রূপে উক্ত হইয়াছে, অতএব শাণ্ডিল্যাদি বিদ্যাতে তাহা উপসংহার করা কর্ডব্য, ইহা পূর্বেপক্ষ। ইহার
কিছ্যান্ত এই যে শাণ্ডিল্যাদি বিদ্যাতে সে সকল গুণ না
থাকাতে তাহা উপসংহর্ডব্য নহে, যেহেতু উভয়ত্র বিদ্যার ঐক্যা নাই। ১২।

बरमाम नाधिकत्व

ভৈত্তিরীয় শাখাতে এবং শাণ্ডিল্য বিদ্যাতে বে পুরুষ বিদ্যা উক্ত হইয়াছে, সে উভয়কে একই বিদ্যা বলা যায়, বেহেতু তাহাতে উক্ত কর্মা সকলের ঐক্য আছে, ইহা
পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে এউভয় স্থলে অনেক
প্রভেদ আছে, বেহেতু তৈ ভিরীয়ে উক্ত গুণ সকল শাগুলা বিদ্যাতে নাই, এবং শাগুলা বিদ্যাতে প্রতিপাদিত
বিষয় সকল তৈ ভিরীয়ে দেখা যার না, স্কুড় এব এউভয়
স্থলে বিদ্যার ঐক্য নহে। ১৩।

চতুর্দশাধিকরণ

অথর্ববেদীয় উপনিষৎ আরয়ে আভিচারিক মাত্র উক্ত হইয়ুছে ও কাণু শাখার উপনিষদের প্রথমে প্রবর্গা ব্রা-দ্বাণ উক্ত আছে, এই উভয় স্থলে বিদ্যার সালিধ্য হেতু আভিচারিক মন্ত্রের ও প্রবর্গ্য কর্মের বিদ্যাক্ষত্ব হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার উত্তর এই যে, আভিচারিক মন্ত্রের অ-ভিচার কর্মে এবং প্রবর্গ্যের বজ্জেতে প্রয়োগ হেতু তত্ত্ভয় বিদ্যার অক্স হইতে পারে না। ১৪।

পঞ্চদশাধিকরণ

শাট্যায়ন শাখাতে উক্ত হইয়াছে, জ্ঞানি ব্যক্তির পাপ পুণ্য তাঁহার শত্রু মিত্রেরা গ্রহণ করে, তাণ্ডি ও অথবর শাখাতে কেবল তাহার পাপ পুণ্য পরিত্যাগ মাত্র উক্ত হইয়াছে, এম্বলে বিদ্যার ভেদ হেতু শত্রু মিত্রের পাপ পুণ্য গ্রহণ তাণ্ডি ও অথবর্ষ শাখাতে উপসংহর্ষব্য নহে, ইহা পূর্বাপক। ইহার উত্তর এই যে,যদিও এম্বলৈ বিদ্যার ভেদ আছে বটে, তথাপি ব্রহ্মবিদ্যার স্বভার্ধবাদ প্রযুক্ত তাহার উপসংহার কোন প্রকারে দূষ্য নহে। ১৫।

পঞ্চদশাধিকরণের দ্বিতীয় বর্ণক

উক্ত শাটায়ন শাখাতে প্রতিপাদিত বাক্যের অর্থ চালন মাত্র তাহা পরিত্যাগার্থ নহে, ইহা পূর্ব্বপক্ষ। ই-হার সিদ্ধান্ত এই যে, বাকা শেষেতে অন্য ব্যক্তি কর্ত্ব স্বীকার ব্যক্ত থাকাতে পরিত্যাগার্থ ব্যতিরেকে তাহা স-ন্তব হয় না, অতএব এম্বলে স্কৃত্ত চুক্তের পরিত্যাগার্থই স্বীকার করা কর্ত্ব্য। ১৫।

<u>বোড়শাধিকরণ</u>

পূর্বাধিকরণে উক্ত হইয়াছে যে, স্থকত ছক্ত পরিত্যাগ তাহা ব্রহ্মলোক গমনের পথ মধ্যেই হইয়া থাকে,
ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে, মরণের পরে
ব্রহ্ম প্রাপ্তি হইবার পূর্ব্বে পথ মধ্যে স্থক্ত ছক্ত পরিত্যাগ হওয়া অসম্ভব যেহেতু তথম ত্যাগের সাধন শরীর
থাকে না এবং তান্ডি ক্রান্তিতে তাহা ব্যক্তই আছে, অতএব মরণের পূর্বেব ব্রহ্ম সাক্ষাৎকার হইলেই স্থক্ত ছক্ষৃত পরিত্যাগ হয়। ১৬।

म श्रमणा धिक त्र

বক্ষামাণ চতুর্থাধ্যায়ের তৃতীয়পাদে উক্ত সঞ্চা-ত্র-ক্ষোপাসক দিগের যে অর্চিরাদি মার্গ উক্ত হইয়াছে, তাহাই নিপ্ত ণ ব্রেক্ষোপাসকদিগের মার্গ, যেহেতু উভয়ের গমনের মার্গ সমান হওয়াই সম্ভব, ইহা পূর্ববিপক্ষ। ইইার উত্তর এই যে সঞ্জ উপাসনার প্রাপ্য ফল যে ব্রহ্মলোক তাহা প্রদেশাস্তরে প্রতিষ্ঠিত, স্থতরাং তাহাতে গমনের মার্গের প্রয়োজন, কিন্তু ব্রহ্ম জ্ঞানের ফল যে অজ্ঞান নি-রুজি তাহাতে আর মার্গের প্রয়োজন নাই, অতএব সপ্তণ উপাসকদিগেরই অর্চিরাদি মার্গ, তাহা নিগুণ উপাসকের নহে। ১৭।

व्यक्षानभाधिकत्व।

ছান্দোগ্য উপনিষদে, পঞ্চাগ্নি বিদ্যাতে ও উপকোশন বিদ্যাতে উত্তর মার্গে গমন উক্ত হইয়াছে, কিন্তু শাণ্ডিল্য ও বৈশ্বানরাদি বিদ্যাতে তাহা উক্ত হয় নাই, অতএব অনুক্ত স্থলে তাহার উপসংহার কর্ত্তব্য নহে, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে পঞ্চাগ্নি বিদ্যার শেষে উত্তর মার্গ বলিয়া উপাসনান্তরেতেও যে উত্তর মার্গ প্রাপ্তি হয় তাহা কহিয়া-ছেন, অতএব সকল উপাসনাতেই উত্তর মার্গ বিহিত॥ ১৮॥

ঊনবিংশাধিকরণ।

পুরাণে বর্ণিত আছে যে অপান্তরতম নামে এক তত্ত্ব-জ্ঞানী বিষণুর আজ্ঞানুসারে দ্বাপর যুগান্তে ব্যাসদেব ৰূপে জ্ঞানে এবং সনৎকুনার কার্ত্তিকেয় ৰূপেও বশিষ্ঠ প্রভৃতিও জ্ঞানার ৰূপে জন্ম গ্রহণ করেন, অতএব , জ্ঞানিদিগের মধ্যে কাহারও মুক্তি হয় কাহারও হয় না, ইহা পূর্বপক্ষ। ইহার উত্তর এই যে উক্ত পুরুষ সকল পূর্বে কম্পে তপস্যা দারা পরমেশ্বরকে প্রসন্ন করিয়া পরকম্পে অধিকারি পদ প্রাপ্তি পূর্বকি প্রারন্ধ কর্মাবসানে মুক্ত হয়েন, অতএব জ্ঞানিদিগের মুক্তি অনিয়ত নহে॥১৯॥

বিংশাধিকরণ।

গার্গি ব্রাহ্মণে ও কঠবল্লীতে তাবৎ বস্তু নিষেধ পূর্বক ব্রহ্মাববোধ প্রতিপাদিত হইয়াছে, তাহাতে নিষেধ সকলের পরস্পার উপসংহার করা কর্ত্ব্য নহে, যেহেতু সে সকলের উপসংহারে প্রয়োজন নাই, ইহা পূর্ব্যপক্ষ । ইহার সিধান্তে এই যে নিষেধ সকল আত্মস্ত্রনপ না হইলেও আত্মার উপ-লক্ষক হয় স্কৃত্রাং তাহার্দিগের পরস্পার উপসংহার করে। কর্ত্ব্য, ইহা কেবল স্থাখায় নহে শাখান্তরেতেও সম্ভব

একবিংশাধিকরণ।

কোন কোন শ্রুতিতে উল্লেখ আছে যে জীবায়া ও পরমায়া উভ্রেই কর্মকন ভোগ করেন, অন্য শ্রুতিতে একের
ভোক্ত্র অনোর ভোগাভাব অর্থাৎ কেবল দ্রন্থ উক্তর্
হইয়াছে, অতএব উভ্রের স্বরূপভেদ প্রযুক্ত উভয় বিষয়ক
বিদ্যা পৃথিক হউক, ইহা পূর্বেপক ॥ ইহাব উত্তর এই যে
ধ্রেথমাধ্যারের বিতীয়পাদের তৃতীয়াধিকরণে উভয়ের কর্মন
কল প্রাক্ত শ্রুবাচক শ্রুতির একের ভোক্ত্র অপবের অভো-

ক্তৃত্বৰ প অৰ্থ নিৰ্ণীত হইয়াছে অতএব উভয়ের স্বৰণ ভেদ নহে, স্কুত্রাং উভয় একবিদ্যা ॥ ২১॥

षाविश्माधिकत्व।

উষস্ত ব্রাহ্মণে ও কহোল ব্রাহ্মণে পঠিত ইইয়াছে যে পরব্রহ্ম সাক্ষাৎ অপরোক্ষ স্থানপ এবং তিনি সকলেরই অন্তরতর, উভয়ত্র একাকারে পঠিত এই বাকোর পৌনকুজি পরিহারে। জন্য উভয়স্থলে বিদ্যার পার্থক্য স্বীকার করা যায়,
ইহা পূর্বপক্ষ । ইহার সিন্ধান্ত এই যে, উভয় স্থলেই সর্বান্তরস্থ্য যে প্রতিপাদিত হইয়াছে, তাহা এক পদার্থেরই সম্ভব
হয়, অতএব এস্থলে বিদ্যার পার্থক্য নাই, এবং এস্থলে পুনর্ক। ক্রেণ্ড নহে যেহেতু উষস্ত ব্রাহ্মণে দেহাদির আত্মন্ত্র শঙ্কা
নিরাশ ও কংহাল ব্রাহ্মণে দেহাদি ব্যতিরিক্ত ব্রহ্মাত্র ॥ ২২ ॥

ज्याविश्माधिकत्व।

ঐতরের শ্রুতিতে উক্ত হইরাছে যে এই যে দেহে ক্রির সাক্ষী জীবারা ইনিই আদিতা মন্তলবন্তী পরমারা এবং সোদিতাম গুলবর্তী পরমারাই এই দেহাদিবর্তী জীবারা। এখনে স্বীয় দেহ ও সূর্যাম গুল উভয়ত্র একই বর্দ্ধ শত হও-য়াতে উভর স্থলেই একরপে জানা কর্ত্বা, ইহা পুর্বেপক্ষ। ভইহার উত্তর এই যে, ইহা তন্ত্রাহধারণ প্রকর্ম নহে যে, একত্ব প্রতিপাদন করা যাইবে, ইহা সপ্ত্রোপাসনা প্রকরণ, অতএৰ উপাসনার নিমিত্তে উভয়ত্র পৃথক বস্তুৰপে জানা কর্ত্তব্য ইহা সিদ্ধ হইল। २৩।

চ जुर्किः माधिक तृ ।

রহদারণ্যক শ্রুভিতে উক্ত হইয়াছে যে যিনি মহৎ পূজনীয় পরব্রহ্মকে সভারপে জানেন তিনি সকল লোক জয়
করেন, পরে কথিত হইয়াছে যে আদিতামগুলে যে পুরুষ
তিনিই সভাস্থরপ, এই বাকা দ্যুতে উক্ত যে সভা বিদ্যা
ভাহা পৃথক, যেহেতুলোক জয়রপ ও পাপনাশরপ কলের
পার্থকা উক্ত হইয়াছে, ইহা পূর্ম্ব পক্ষ। ইহার ি দু্রু
এই যে, প্রথম বাকো উক্ত যে সভাবিদ্যা ভাহাই পরবাক্যে
উক্ত হইয়াছে, এবং ফলও ভিন্নহে যেহেতু পাপনাশ গ্রু
লোকজয় কামী ব্যক্তি সভা উপাসনা করিবেক, অভএব
একই সভাবিদ্যা। ১৪॥

পঞ্চবিংশাধিকরণ।

ছান্দোগ্য উপনিষদে হৃদয়ায়ৢর্গত যে দহরাকাশ, ভাহারই সৃত্যকামআদি গুণ উক্ত ইইয়াছে, কিন্তু রহদারণ্যকে
হৃদয়াকাশের সেইকাপ বশিউয়াদি গুণ সকল কথিত ইইয়'ছে,
এম্বলে পরস্পর গুণের উপস'হার কর্ত্তব্য নহে, যেহেড়ুও
দহরাকাশ উপাস্যক্তেপ এবং হার্দ্দাকাশ জ্রেয়কপে উক্ত হওয়াতে বিদ্যায় ভেদ কথিত ইইয়াছে, ইহা পূর্বাপক্ষ ॥ ইহার
উ্তার এই দে উপাসনাকালো বশিউয়াদিগুণ সকল দহরাকাশে ও সভ্যকামআদি গুণ সকল হার্দ্দাকাশে, উপসংহার

কর্ত্তব্য, কেন না উভয়ত্র বিদ্যা ভেদ হইলেও আকাশ শব্দ. বাচ্য আত্মার ঐক্য আছে॥২৫॥

ष इ विश्माधिक त्र ।

বৈশ্বানর বিদ্যার বাক্য শেষে প্রাণান্ততি উক্ত হইয়াছে,
অতএব কোন কারণ বশতঃ উপাসকের ভোজনাভাব হইলেও প্রাণান্ততি লুপ্ত হয় না, কারণ প্রাণান্ততিতে আদর
দর্শন এবং অতিথির পূর্বের স্বয়ং ভোজন না করাতে নিন্দা.
ক্রিটিতে প্রাপ্ত হওয়া যায়, ইহা পূর্বেপক্ষ । ইহার সিদ্ধান্ত
এই যে যেহেতু উপাসকের ভোজনীয় অনই হোমীয় দ্রবা,
অতএব ভেজনলোপে দ্রব্যাভাবে আক্ততিও লুপ্ত হয়, আর
আদর দর্শন প্রথম ভোজনার্থ, স্কুতরাং উপাসকের ভোজনাভাবে আক্ততি লুপ্ত হয় ॥ २৬॥

मश्रविः भाषिकत्र ।

উদ্গীথ কর্মাঙ্গীভূত দেবতোপাসনা নিতা কি অনিয়ত।
এইৰূপ সংশয় উপস্থিত হইলে যজ্ঞসম্বন্ধ ক্ষুপ্তি প্রথমত নিতা
ৰূপেই অবধারিত হয়, ইহা পূর্ব্যপক্ষ ॥ ইহার উত্তর এই ষে
কর্মাঙ্গীভূত উপাসনা সকল নিতা নহে, অনিয়ত, যেহেতু
কর্মা ও উপাসনার ফল পৃথক্ এবং গোদোহনাদির ন্যায়
ভাহার ইচ্ছা বিকল্প উক্ত হইয়াছে, আর উপার্গক ও আনুপাসক উভয়েরই কর্মানুষ্ঠান কৃথিত হইয়াছে ॥ ২৭॥

व्यक्षोविश्माधिकवृत्।

সৃষ্ণ বিদ্যাতে অধিদৈব বায়ু ও অধ্যায় প্রাণ উক্ত হইয়াছে, অত্এব সে উভয়ের অনুচিন্তন এক কি পৃথক, এই ৰূপ সন্দেহে স্বৰূপের অভেন হেতু প্রথমত তাহা একই প্রতীয়মান হয়; ইহা পূর্বেণকা। ইহার সিদ্ধান্ত এই যে যদিও স্বৰূপের ভেদ না থাকুক তথাপি কার্য্য কারণ ৰূপে অবস্থা ভেদ হেতু ইন্দ্রের রাজানিশুণ ভেদে পুরোডাস প্রদানের ন্যায় পৃথক্ অনুচিন্তন হইবে। ২৮।

উনতিংশাধিকরণ।

অগ্নিরহ্সা ব্রাহ্মণে পুরুষের শত সহৎসর পরিমিত আয়ুতে যে ষট্ত্রিংশৎ সহস্র দিন হয়, তাহার প্রত্যেক দিনেতে যে পুরুষের মনোরৃত্তি, তাহা এক এক অগ্নিরূপে ষট্ত্রিংশৎ সহস্র অগ্নি প্রকরণহেতু কর্মাদি রূপে ধ্যাহব্য, স্বতন্ত্র নহে. ইহা পূর্বেপক্ষ। ইহার উত্তর এই যে শ্রুতি, লিঙ্গে ও বাক্য দ্বারা প্রকরণের বাধ হইয়া স্বতন্ত্র অগ্নিই ধ্যাতব্য, কর্মাঞ্চ নহে। ২৯।

ত্রিংশাধিকরণ।

কোন কোন বাদীরা নানা দ্রব্য সংযোগে মাদক শক্তির ন্যায় ভূত সংযোগে উৎপন্ন চেতন বিশিষ্ট দেহকে আত্মা বলে, তাহারা দেহ ব্যতিরিক্ত পদার্থকে আত্মা বলিয়া কীকার করে, না, তাহাই পূর্বে পক্ষ। তাহার সিদ্ধান্ত এই যে, দেহ কথনই আত্মা নহে, যে হেতু তাহা ভৌতিক, আর रैठ ड ना ও সংযোগ জনা নহে, যেহেতু তাহা নিতা, এবং দেহ থাকিলেই যে চৈতনা থাকে তদ্ভিন্ন থাকে না তাহাও নহে যে হেতু শাক্তে চৈতনারই পরলোক গমনাগমন প্রতিপাদিত হইয়াছে। ৩০।

একত্রিংশাধিকরণ।

ঐতরেয় ও কৌশীতকি উভয়তই উক্থকর্ম উক্ত হইয়াছে, কিন্তু ঐতরেয় গত যে উক্থ তাহাতেই পৃথিবাদি দৃষ্টি কথিত আছে, অতএব সেই পৃথিব্যাদি দৃষ্টি
কুতুল ঐতরেষে কর্ত্বরা কি ঐতরেয় কৌশীতকি উভয়ত্র
কর্ত্বরা, এই রূপ সন্দেহে সমিহিত প্রযুক্ত ঐতরেষেতেই
ক্রিরা, ইহা পূর্বে পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে উক্থ
শব্দের মুখা তাৎপর্য্যে সর্বাশাখাগত উক্থ সামান্য বুঝায়,
অতএব একস্থানে বিহিত বিষয় সর্ব্বতেই অনুগত হয়। ৩১।

দ্বাতিংশাধিকরণ।

देश्यानत विषाण छात्नाक, स्र्या, वायू, आकाम, कन अर्थिवीक विताण कल देश्यानतत मस्रक, क्रू, श्राम, मधा मतीत, मृनाधात अ शाम कारण धाम कित्वात विश्व आह्म, श्राम कि कि कि कि हा हा पितात श्राम कि कि कि कि कि माना कि कि कि कि माना कि कि कि कि माना कि कि कि माना कि कि कि माना कि कि कि माना अकि कि कि माना अकि कि कि कि माना अकि कि कि माना अकि कि कि माना अकि कि कि माना कि कि कि माना अकि कि कि कि माना कि कि कि माना अकि कि कि माना अकि कि माना कि कि कि माना अकि कि माना कि कि कि माना अकि कि माना कि कि कि माना अकि कि माना अकि कि माना कि कि कि माना अकि कि माना कि कि कि माना अकि कि माना कि कि माना

উপাদনা বিহিত, যেহেতু আদ্যন্তে তাহাই নির্দারিত হই-য়াছে, তবে যে পৃথক উপাদনা ও কলভেদ কথিত আছে তাহা স্তৃতির নিমিত্তে, অতএব সমস্তোপাদনাই বিব-ক্ষিত। ৩২।

ত্রয়স্তিংশাধিকরণ ।

ছান্দ্যোগ্য উপনিষদে যে দহর, শাণ্ডিলা, মধু ইচ্যাদি
নানা বিদ্যা উক্ত হইয়াছে, দে সমুদায় এক কি ভিন্ন ভিন্ন,
ইহাতে পূর্ব্বাধিকরণ দৃষ্টে এবং ব্রহ্মেয় একত্ব প্রযুক্ত সমুদায়ই এক বিদ্যা, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই ু্র্রে
সমুদায় বিদ্যা এক বলিলে কেহই অনুষ্ঠান করিতে সমর্থ
হয় না, এবং ব্রহ্মেরও গুণ সকল পৃথক্ পৃথক্, ও সকল্প
বিদ্যারও আরম্ভ ভিন্ন ভিন্ন, অতএব দহরাদি বিদ্যাকে ভিন্ন
ভিন্ন বলিয়া জানা আবশ্যক। ৩৩।

চতুস্ত্রিংশাধিকরণ।

শাণ্ডিল্য বিদ্যাদিতে আত্মার সগুণোপাসনা ৰূপ অহংজ্ঞান উক্ত হল্মাছে, তাহাতে যে এক, তুই ও বছ উপাসনা
বিহিত অহে তাহারা কি যথা ইচ্ছা উপাস্য, কি তাহাদিগের
বিকল্প নিয়মিত, এই ৰূপ সন্দেহে নিয়মের অভাব হেতু
।
তাহাদিগের মধ্যে যাহা ইচ্ছা উপাসনা কর্ত্তব্য, ইহা পূর্ব্ব
পক্ষ। ইহার উত্তর এই যে উপাসনার প্রয়োজন ঈশ্বর
রাক্ষাৎকার; তাহা এক্টা উপাসনাতেও সিল্ল হইতে পারে;
স্কুতরাং তাহা, সিদ্ধ হইলে আর আর উপাননা ব্যর্থ হয়

এবং নানা উপাসনাতেও চিত্ত বিক্ষেপ হওয়া সম্ভৰ, অতএব বিক্রপের নিয়মই কর্ত্তব্য। ৩৪।

পঞ্চত্রিংশাধিকরণ।

আত্মাতে দেবতা দৃষ্টি দারা উপাসনা রূপ প্রতীকোপাসনাতে যথা ইচ্ছা না হইয়া পূর্বাধিকরণের ন্যায় বিকল্পই
নিয়মিত, ইহা পূর্বা পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে সগুণোপাসনার ন্যায় প্রতীকোপাসনাতে সাক্ষাৎকারে প্রমাণ নাই,
থবং কলেরও ভিন্নতা আছে, অতএব বিকল্পেতেই হউক
আনু সমুচ্চয়েতেই হউক যথা ইচ্ছা প্রতীকোপাসনা
কর্ত্ব্য। ৩৫।

ষট্তিংশাধিকরণ।

প্রতীকোপাসনা ছই প্রকার, লৌকিক ও কর্মাঙ্ক।
ভাহার মধ্যে লৌকিক প্রতীকোপাসনা পূর্বে উক্ত হইল,
সম্পৃতি কর্মাঙ্ক প্রতীকোপাসনা বিচারিত হইতেছে।
কর্মাও কর্মাঙ্ক সমুচ্চয় কি যথা ইচ্ছা উপাসনা কর্ত্ব্যা,
ভাহাতে প্রয়োগ বিধিতে উভয়ের সমুচ্চয় নির্দ্ধেশহেতু ভাহারদিগের সমুচ্চয় নিয়ন, ইহা পূর্বে পক্ষ। ইহার উত্তর এই
যে যেমন গ্রহস্তোত্রাদিতে সহভাব প্রুত হয় ভদ্রেপ কর্মে ও
আঙ্কে নাথাকাতে কর্মাঙ্ক প্রতীকোপাসনাতে বিকল্প ও সমুচ্চয়ের যথা ইচ্ছা উপাসনা কর্ত্ব্য। ৩৬।

रेि ज्ञीयाधास्य क् शेय शाह ।

ভূতীয়াধ্যায়ে চতুর্থ পাদ।

প্রথমাধিকরণ।

আত্ম তত্ত্ব জ্ঞানটা কর্মাঙ্গ কি স্বতন্ত্র, এই ৰূপ সন্দেহে যেহেতু আঁত্মার দেহাদি ব্যতিরিক্তত্ব জ্ঞান ব্যতীত কর্মেতে প্রবৃত্তি হয় না তজ্জন্য আত্ম জ্ঞানকে কর্মাঙ্গই বলা বায়, ইহা পূর্বে পক্ষ। ইহার সিদ্ধান্ত এই বে আত্মজ্ঞান দুই প্রকার অহংকর্ত্বা এবং অহং ব্রহ্মান্মি। তম্পথা অহং কর্জাজ্ঞানের কর্মা প্রবর্ত্তকত্ব হইলেও অহং ব্রহ্মান্মি জ্ঞান তদ্দেপ নহে বরং তাহা কর্মের নিবর্ত্তক, তবে তত্ত্ব জ্ঞানীর ঘে কর্মে প্রবৃত্তি জন্মে তাহা কেবল লোক সংগ্রহার্থ মাত্র। স

দ্বিভীয়াধিকরণ।

উর্দ্ধরেতা নামক আশ্রম আছে কি না, তাহাতে বিধির অভাব হেতু ও কুপ্রমৃতি অনধিকারি বিষয় জন্য তাহা নাই, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার উত্তর এই যে উর্দ্ধরেতা নামক আশ্রম আছে, যেহেতু তাহাতে বিধির অভাব হইলেও অপৃ-র্বার্থ কল্পনা করা যাইতে পারে এবং বার হত্যাদি যে দোষ উক্ত হইয়াছে তাহাকে অন্মি গৃহস্থ বিষয় বলা যায়, আর অক্যাদি গার্হস্থানধিকতদিগের পৃথক, সন্মাম বিধান হেতু ইন্দিয় পাটব বিশিষ্ট গৃহস্থদিগের প্রতিই বিধি উক্ত হইয়াছে অতএব উর্দ্ধরেতা আশ্রম আহি । ২।

षिडीयाधिकतरनत षिडीय वर्गक।

পুনা-লোক-কামী আশ্রমি ব্যক্তির ব্রহ্মনিষ্ঠা সম্ভব হয়।
কি না, এই সন্দেহে আশ্রম কর্মের অনুষ্ঠানের পর অবকাশ
কালে ব্রহ্মনিষ্ঠা হইতে পারে, ইহা পূর্ব্যপক্ষ। ইহার সিদ্ধান্ত
এই যে সর্ব্যোপার পরিত্যাগ পূর্ব্যক ব্রহ্মেতে অনুন্যচিত্ত
হওয়ার নাম ব্রহ্ম নিষ্ঠা, তাহা কথন কর্ম্মীর সম্ভব হয় না,
যে হেতু কর্মের অনুষ্ঠান ও তাহার ত্যাগ এক ব্যক্তির কি
কাপে অনুষ্ঠেয় হইতে পারে, অতএব কর্মাত্যাগিরই ব্রহ্ম
নিষ্ঠা হইয়া থাকে। ২।

ভূতীয়াধিকরণ।

উদ্দীথাবয়ব ওক্ষারের যে রসতমত্মদি গুণ উক্ত হইয়াছে, তাহা স্তুতি মাত্র কি ধ্যেয়, এই ৰূপ সন্দেহে তাহাতে
গুণ বর্ণন হেতু যেমন জুহুমন্ত্রে তাহার আদিত্য ৰূপে স্তুতি
আছে সেইৰূপ এন্থলেও রসতমত্মদি গুণ দারা ওক্ষারের
স্তুতিই বলা যায়, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার উত্তর এই যে
এন্থলে জুহুমন্ত্র দৃষ্টান্ত হইতে পারে না যেহেতু তাহা স্ত্রোত্র
বটৈ কিন্তু রসতমত্মদি তক্রেপ নহে তাহা ধ্যাতব্য। ৩।

চতুর্থাধিকরণ।

উপনিষদের স্থানে স্থানে যে আখ্যান ভাগ আছে, তাহা কেবল অধুর্যুর বক্তবা মাত্র কি বিদ্যার স্থৃতি, এই ৰূপ সন্দেশ্যে বিদ্যার স্তুতি অপেক্ষা অনুষ্ঠানের, প্রাধান্য হেতৃ তাহা কৈবল বক্তব্য মাত্র, ইহা পূক্ পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে সক্ষতি সন্নিহিত্ই বলবান হয় অতএব ইহা অসনি-হিত অনুষ্ঠান না হইয়া সনিহিত বিদ্যার সহিত এক বাক্য হেতু উহাকে বিদ্যার স্তুতিই বলা যায়। ৪।

পঞ্চমাধিকরণ ।

আত্মতত্ত্ত্তান ফল প্রদান বিষয়ে অন্ধ্র কর্মকে অপেকা করে কি না এই প্রকার সন্দেহে অপরাপর কর্মেতে অঙ্গী অঙ্গকে অপেকা করে দেখা যায়, অতএব তদ্ধপ্রভানও কর্মকে অপেকা করে, ইহা পূর্বে পক্ষ। ইহার উত্তর এই যে যেমন প্রদীপ অন্ধ্রকার নাশ করিবার সমীর অন্যকে অপেকা করে না ভদ্ধপ জ্ঞানও অবিদ্যা নাশ করিবার সময়ে কর্ম অপেকা করে না অতএব আত্মতত্ত্বা জ্ঞান কর্মানপেক। তা

यष्ठाधिकत्र ।

बाषाञ्च छान छे९ शिक काल कर्मा क व्यापका करत किना এই প্রকার मन्मिट्ट यमन कनमान ममरा कर्मा बारमका करत ना उद्धार छे९ शिक कालाउ कर्मा बारमका कतिर्य ना, ই हा शूर्य शिका। ই हात मिकाछ এই य यमन बाम लाम वहान बनार शिकाउ हहेलाउ तथ वहान बारम-किन इस उद्धार कलमान काल कर्मान रिशक हहे-लिए छे९ शिक्ष काला कर्मा कर्मा करत। ७।

সপ্তমাধিকরণ।

প্রাণ বিদ্যাতে প্রাণোপাদকের যে সর্বান্ন ভোজন উক্ত হইয়াছে তাহা কর্ত্তব্য বিধি কি আপৎকাল বিষয়ক, এই সন্দেহে প্রথমতঃ তাহাকে বিধিই বলা যায়, ইহা পুরুর পক্ষ। ইহার উত্তর এই যে ভক্ষ্যাভক্ষ্য বিভাগ প্রাপ্ত সর্বান্ন ভোজন বিধির বাধা জন্মায় অতএব আপৎকালে প্রাণ রক্ষার নিমিন্তে সর্বান্ন ভোজনে কেবল অনুমতি মাত্র নতুবা বিধি নহে। ৭।

অফ্টমাধি করণ।

ষজ্ঞাদি কর্মা সকল আশ্রমে বিহিত বলিয়া পূর্কা কাণ্ডে উক্ত হইয়াছে আর এন্থলে তাহা তত্ত্বজ্ঞানে অপেকিত বলিয়া কথিত হইল, অতএব তাহা ছুইবার অনুষ্ঠান করিবেক কি এক বার করিবেক, এইকপ সন্দেহে প্রয়োজন ভিন্ন প্রযুক্ত প্রয়োগও ভিন্ন বলা যায়, ইহা পূকা পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে শ্রান্ধান্ধভোজনে তৃথির ন্যায় জ্ঞানার্থ অনুষ্ঠিত যজ্ঞাদি কর্মা দ্বারা আশ্রম ধর্মা সিদ্ধা হয়, যেমন এক কর্মো নিতার ও কামান্ত উভয় থাকিতে পারে তক্রপ যজ্ঞাদির সক্রৎমাত্র প্রয়োগ হয়॥৮॥

नव्याधिकत्।

পূর্বাশ্রম ধর্ম সম্পন্ন করিয়া কোন কারণ বস্ত তৎপর-দিত আশ্রম কর্ম সম্পন্ন করিতে না পারিয়া অনাশ্রমী হইকে চিত্তশুদ্ধি জনক আশ্রমিত্বের অভাব হেতু জ্ঞান সম্ভব হয় না, ইহা পূর্বাপক্ষ। ইহার উত্তর এই যে আশ্রুম নিরপেক্ষ '
জ্বপাদি কর্মোর চিত্তশুদ্ধি জনকত্ব হেতু রৈক্ক গার্গ্যাদির ন্যায়
অনাশ্রমিরও জ্ঞান সম্ভব হয়, তবে যে আশ্রম কথন তাহা
কেবল অতিশয়ার্থনাত্র॥ ৯॥

দশমাধিকরণ ।

যেমন ইচ্ছাবশতঃ পূর্বাপূর্বা আশ্রম হইতে উত্তরোত্তর উৎক্রট আশ্রমে আরোহণ হয়, তদ্রেপ রাগ বশতই হউক বা পূর্বাধর্মাশ্রদ্ধাবশতই হউক উংক্রট আশ্রম হইতে পূর্বা-শ্রম অবরোহণ হয়, ইহা পূর্বা পক্ষ। ইহার সিদ্ধান্ধ এই যে রাগ অতি নিষিদ্ধ কার্যা এবং উৎকৃষ্ট আশ্রমে গমন করিলে আর নিক্রট পূর্বাশ্রমে শ্রদ্ধান্ত হয় না ও অবরোহের নিষেধ দৃষ্ট হওয়াতে আরোহণই নিয়মিত হয় অতএব অবরোহ নাই॥১০॥

একাদশাধিকরণ।

উর্দ্ধরেত। নামক আশ্রমি ব্যক্তি পুনব্বার দ্রীসঙ্গ জনিত আশ্রম ভাই হইলে তাহার প্রারশ্চিত্ত আছে কি না, এইরূপ সন্দেহে প্রয়শ্চিত্তের অদর্শন হেতু এবং গর্দভিপশ্বালয়নের ব্রতি বিষয়ত্ব প্রযুক্ত প্রায়শ্চিত্ত নাই, ইহা পূর্বে পক্ষ। ইহারা উত্তর এই যে যেমন মধু মাংস ভক্ষণরূপ উপপাতকের প্রায়-শিচ্তানন্তর্ পুনঃ সংস্কার হয় তদ্রেপ স্ত্রীসন্থ জনিত উপপা-ইচের প্রায়শিচ্তানন্তর পুনঃ সংস্কার হয়। ১১॥

घानभाधिक इत।

প্রারশিক্তানন্তর শুদ্ধ হইলে শিষ্টের। তাঁহার সহিত ব্যবহার করিবেন কি না, তাহাতে যথন পাপনাশ হইল তথন তিনি ব্যবহার্য্য হইবেন নতুবা প্রায়শিক্ত র্থা হয়, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে প্রায়শিক্ত দ্বারা পারলৌকিক শুদ্ধি হইলেও এহিক শুদ্ধি না হওয়াতে শি-ষ্টেরা তাঁহার সহিত ব্যবহার করিবেন না॥ ১২॥

ত্রয়োদশাধিকরণ।

তু/জাববদোপাসনাতে স্থামীরই ফলশ্রবণহেতু যজসানই আরুষ্ঠাতা, ঋত্বিক্ নহে, অতএব ফলভোগী যজমানই ধ্যাতা, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার সিদ্ধান্ত এই বে বাক্যশেষে ঋত্বিকেরই উপাসকত্ব কথিত হওয়াতে এবং যজমানের অশেষ কর্ম সাধনার্থ ঋত্বিক বেতন গ্রহণ করাতে তদকুষ্ঠিত কর্ম্মের কল যজমানেরই হইয়া থাকে অতএব উপাসনা ঋত্বিকেরই কর্ম্ম ইতি॥১৩॥

চতুর্দ্দশাধিকরণ।

কহোল ব্রাহ্মণে উক্ত হইয়াছে যে পরব্রক্ষের জ্ঞান লাজার্থে উপনিষৎ তাৎপর্যা জ্ঞান পূর্বেক বাল্য অর্থাৎ রাগ-দ্বেষ শূন্য হইয়া মৌনাবলম্বন। এস্থলে বিধি না থাকাতে মৌনত্ব বিধেয় নহে, ইহা পূর্বে পক্ষ। ইহার শিক্ষান্ত এই যে পাণ্ডিত্য শব্দ ও মুনি শব্দ একার্থ বাচক, স্কৃতরাং একব্রে উভয় পদ প্রয়োগ নির্থক হয় বলিয়া নির্ভর জ্ঞান, নিষ্ঠা মুনিশব্দে লাজিত হয়, অতএব বিধি লাভ হওয়াতে নিদিধ্যা-সনৰূপ মৌন বিধেয় হইল। ১৪॥

পঞ্চদশাধিকরণ।

পূর্বাধিকরণে যে বাল্যশক উক্ত হইয়াছে তাহার অর্থ
যদি বয়ো বলা যায়, তাহা হইলে কামচারাদি বুঝায় অতএব
বাল্যশক সামান্যত বুদ্ধি শুদ্ধি বুঝায় না, ইহা পূর্বে পক্ষ।
ইহার উত্তর এই যে শ্রবণ ও নিদিধ্যাসনের মধ্যস্থলে মনন
বিহিত হইয়াছে. আর ভাবশুদ্ধি বিষয়ে কামচার অত্যন্ত
অনুপযুক্ত স্কতরাং বিরোধী অতএব এস্থলে ভাবশুদ্ধিই
বাল্যশকে উক্ত হইয়াছে, কামচার নহে॥ ১৫॥

ষোড়শাধিকরণ।

সপ্তদশাধিকরণ।

মুক্তি একটা ফল বিশেষ মাত্র, অতএব তাহা ব্রহ্মলোকাদি ফলের ন্যায় সাতিশয় কি না, এই সন্দেহে যেমন
সালোক্যাদি ভেদে ব্রহ্মলোকাদি ফল সাতিশয় ভদ্রূপ মুক্তিও সাতিশয় হউক, ইহা পূর্বে পক্ষ। ইহার উত্তর এই .
যে মুক্তি ব্রহ্মের স্বরূপ মাত্র ফল বিশেষ নহে, অভএব জন্য
রূপ ফল বিশেষের ন্যায় অজন্য একমাত্র ব্রহ্মস্থরূপ মুক্তি
সাতিশয় নহে এক রূপই মাত্র॥ ১৭॥

ইতি তৃতীয়াধ্যায়ে চতুর্থপাদ। তৃতীয়াধ্যায় সমাপ্ত।

চভূর্যাধ্য যে প্রথম পাদ,। প্রথমাধিকরণ।

শ্রবণ, মনন, নিদিধ্যাসনাদি একবার অনুষ্ঠান করিলেই হইবে কি পৌনঃপুন্য অনুষ্ঠান করিতে হইবে? এইৰূপ সন্দেহে যেহেতু অন্যান্য কর্মোর একবার অনুষ্ঠান করিলেই শাস্তার্থ সিদ্ধ হয়, তজ্জন্য ইহাও একবার অনুষ্ঠান, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে যেমন একবার অনুষ্ঠান, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে যেমন একবার অনুষ্ঠান ঘাতে তপ্তুল হয় না বরং তপ্তুলের নিমিত্তে পৌনঃপুন্য অব্যাত করিয়া থাকে, সেইৰূপ ঈশ্বর দর্শন প্র্যান্ত শ্রবণাদি অনুষ্ঠান করিতে হইবে, দৃষ্ট সম্ভবে অদৃষ্ট কণ্পনা কর্ত্ব্যানহে। ১।

দিতীয়াধিকরণ।

জীব সকল শাস্ত্র প্রতিপাদ্য ব্রহ্মকে স্থীয় আয়া রপে জানিবে কি স্বরাতিরিক্ত আয়া রূপে জানিবে, এই রূপ সন্দেহে ছৃঃথী ও অছুঃথীরূপ জীব ও ব্রহ্মের এক হওরা অস-স্তব হেতু স্বরাতিরিক্ত আয়ারূপেই জানিবে, ইহা পূর্যাপক্ষ । ইহার উত্তর এই যে ছঃখী ও অছঃখী রূপ যে বিরোধ তাহা কেবল উপাধিক মাত্র অতএব ব্রহ্মকে স্থীয় আয়ারূপে গ্রহণ করিব্রেক ও শিষ্যকে গ্রহণ করাইবেক। ২।

ভূ ভীয়াধিকরণ

মন একা আদিতা ত্রকা ইত্যাদি রূপে ব্রক্ষা দৃষ্টিতে সংস্কৃত সন আদি প্রতীকের ত্রকা কার্যান্ত্রহেতু তাঁহার সহিত অভেদ জন্য অহংদৃষ্টি বারা অভেদরপে তাহার উপাসনা কর্ত্তব্য, ইহা পূর্বে পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে যদি ত্রকা কার্য্য প্রতীকের ব্রক্ষেষ সহিত ঐক্য দশন হয় তাহা হইলে প্রতীক বিলাল হত্যা যায়, স্কৃতরাং মনের লয় হেতু আর উপাসক র থাকে না, অত্রব অত্যন্ত তিন প্রতীকের সহিত এই বু যোগ্যতা নাই. এবং প্রতীকেও অহণ দৃষ্টি নহে। ৩।

ठ जूर्शाविक्त ।

. প্রতীকোপাসনাতে ব্রহ্মেতে অন্য দৃষ্টি কি অন্য বস্তুতে ব্রহ্মদৃষ্টি কর্ত্তবা, এই প্রকার সন্দেহে ফল প্রার্থনা হেতু ব্রহ্মেতে মন আদি অন্য দৃষ্টি করিবেক, ইহা পূর্বা পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে নির্ফুট পদার্থেতেই উৎকৃষ্ট দৃষ্টি কর্ত্তবা, অভ্যান্ত অব্রহ্মেতে বেক্ষাদৃষ্টি করিয়া উপাসনা করি-বেক্। ৪।

शक्षमाधिकदन ।

ে উদ্নীথাদি অক্ষোপাসনা বিষয়ে আদিত্যাদিতে অক্স দৃষ্টি করিবে, কি অক্সে আদিত্যাদি দৃষ্টি কবিবেক, এইৰূপ সন্দেহে এস্থনে উৎকর্ষের অভাব হেতু নিয়ামক, নাথাকাতে, এচিছ ক বলিতে হইবে, ইহা পূর্ম্বিগক্ষা, ইহার উত্তর এই মে আদিত্যাদি দৃষ্টি দারা কর্মান্স উদ্গোথের সংস্কার করা হয়, এবং সংস্কৃত কর্মাঙ্গের অধিক ফলজনকত্ম হয়, কিন্তু কর্মাঞ্গ উদ্গীথ দারা আদিত্য সংস্কৃত হইলে কোন ফল লাভ নাই, অতএব কর্মাঞ্গ উদ্গীথাদিতেই আদিত্য দৃষ্টি কর্ত্তব্য । ৫।

ষষ্ঠাধিকরণ।

উপাদনাতে আদনের কোন নিয়ম আছে কি না, এই সন্দেহে, উপাদনা মনের কার্যা অথচ মন দেহ সাপেক নহে, অতএব আদনের কোন নিয়ম নাই, ইহা পূর্বে পক্ষ। ইহার দিল্ধান্ত এই যে শয়ন, উপান, গমন ইত্যাদি দ্বারা মনের বিক্ষেপ হয় বলিয়া বুদ্ধি সমাধান করিবার নিয়েত্তে আদনের নিয়ম আছে, অতএব আদীন হইয়াই উপাদনা করিবেক। ৬ ।

म श्रमाधिक त्रा

উপাসনাতে দিক্, দেশ, ও কালাদির কোন নিয়ম আছে কিনা এই ৰূপ দন্দেহে বৈদিক কর্মেতে এ সকলের নিয়ম দৃষ্ট হওয়াতে এবং উপাসনাও বৈদিক কর্ম প্রযুক্ত ভাহাতে দিগাদির নিয়ম আছে, ইহা পুরু পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে উপাসনাতে মনের একাগ্রতারই প্রয়োজন হেতু দিগাদির কোন নিয়ম নাই, গবে যে শ্রুতিতে অনুকূল দেশ পুরুতিত উক্ত হইয়াছে সে কেবল দৃষ্ট সৌকর্ম্যার্থ মাত্র। ৭।

অষ্ট্রমাধিকরণ।

উপাসনার অনুষ্ঠান য়ত দিন ইচ্ছা তত পিন করিবে

কি আমরণ পর্যান্ত করিবেক, এইৰূপ সন্দেহে যত কালে উপাদনার অর্থ নিষ্পত্তি হয় অর্থাৎ একাগ্রতা হয় ততদিনই যথা ইচ্ছা উপাদনা করিবেক, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার উত্তর এই যে অন্তকালে মনে যে ভাব উদিত হয় পরলোকে সেই ভাব প্রাপ্ত হয় এই হেতু তাহা সিদ্ধির নিমিত্তে আমৃত্যু পর্যান্ত উপাদনা কর্ত্ব্য । ৮ ।

नवभाषिक तृ ।

" ব্রক্ষজানির অভুক্ত কর্মের নাশ হয় কি না এই ক্প সেক্রে অভুক্ত কর্মের অবিনাশ সর্বাশাস্ত্রে প্রদিদ্ধ থাকাতে জ্ঞানিরও অভুক্ত কর্মের নাশ হয় না, ইহা পূর্ব্ব পিক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে অকর্জাত্মজানিত্ব পূযুক্ত নিগুণ ব্রক্ষোপাস-কের সকল কর্মের নাশ হয়, আর সর্বাশাস্ত্র পুদিদ্ধ যে অভুক্ত কর্মের অবিনাশ সে কেবল ব্রদ্দুজান রহিত ব্যক্তির জানিবে, অতএব ভানির পাপলেশ শক্ষা নাই। ১।

দশমাবিকরণ।

তত্ত্বজ্ঞানির পুণ্য লেপ থাকে কি না এই সন্দেহে,
যেহেতু পুণা শ্রৌত কর্ম এনং শ্রৌত পুণ্য শ্রৌত জ্ঞানের
কিরোধী নহে, অতএব জ্ঞানির পুণ্য লেপ থাকে, ইহা পূর্বা
পক্ষ। ইহার উত্তর এই যে জ্ঞানি ব্যক্তির পুণ্য পাপ কোন
লেপই থাকে না যে হেতু পুণ্যও তাঁহার' পক্ষে পাপের সমান
'অহএব কাহার উত্তর হইচেই তিনি উত্তীর্ব হ্মেন। ১০।

একাদশাধিকরণ।

জ্ঞানি ব্যক্তির সঞ্চিত পুণ্য পাপের নাশের ন্যায় পুারকা পুণা পাপেরও নাশ হয় কি না এই রূপ সন্দেহে সঞ্চিতের ন্যায় পুারক্ষেত্তে অকর্ত্তাত্মজ্ঞান তাঁহার সমান অতএব পুারকা কর্ম্মেরও নাশ হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে জ্ঞানি ব্যক্তির দেহ পাত পর্যান্ত সংসার প্রুতিতে উক্ত হইয়াছে এবং অনুভবও হইতেছে আর যেমন বাণ পরিত্যাগ করিলে তাহর পুতি আর ধানুদ্ধের স্থাতন্ত্র্য থাকেনা তদ্দেপ পুারকা কর্মের পুতি জ্ঞানীর স্থাতন্ত্র্য নাই, অতএব পুারকা কর্মের নাশ হয় না। ১১।

षां प्रभाषिक त्व ।

জ্ঞানীর পক্ষে জ্ঞানের পূর্বে অনুষ্ঠিত অগ্নিহোত্রাদি নিত্য কর্মের নাশ হয় কি না এই সন্দেহে অকর্ত্তাত্ম জ্ঞানের মহিমাতে তাহারও নাশ হয়, ইহা পূর্বে পিক্ষ। ইহার উত্তর এই যে অগ্নিহোত্রাদি নিত্য কর্মের তুই অংশ আছে, এক চিত্ত শুদ্ধিপুদ অপর স্বর্গাদি কল প্রদ, তাহার মধ্যে স্বর্গাদি কল প্রদ অংশের নাশ হইলেও চিত্ত শুদ্ধি পুদ অংশ বিনষ্ঠ হয় না, আর জ্ঞানের পর যে নিত্য কর্মা অনুষ্ঠিত হয়, তাহা কাম্য কর্মের ন্যায় অগ্লিক হয়। ১২।

ত্রিয়োদশাধিকরণ।

জ্ঞান সাধন নিত্য কর্ম তুই প্রকার, অঙ্গাববদ্ধোপাসনা সহিত ও তদ্রহিত। অতএব সোপাসন কর্মা জ্ঞানের উপ- যোগী কি নিরুপাসন কর্মা তাহার উপযোগী এইৰূপ সন্দেহে প্রশস্ত হেতু সোপাসন কর্মাই জ্ঞানের উপযোগী, ইহা পূর্বা পক্ষ। ইহার দিদ্ধান্ত এই যে শুদ্ধা কর্মা অপেক্ষা সোপাসন কর্মা বীর্যাবান্ বটে কিন্ত প্রভিতে তারতম্য প্রবণ আছে বলিয়া উভয় কর্মাই জ্ঞানের উপযোগী॥ ১৩॥

চতুর্দ্দশাধিকরণ।

বহুজনা প্রদ প্রারক্ষ কর্মযুক্ত ব্যক্তিদিগের জ্ঞানে নির্বাণ মুক্তি হয় কি না এইকপ সন্দেহে প্রারক্ষ ভোগের নিমিন্তে বহুজনা স্বীকৃত হইলে পূর্বার্জ্জিত বিদ্যালোপে যে কর্মা কৃত হয় তাহার কল হইবেই হইবে, অতএব মুক্তি হয় না, ইহা পূর্বার পক্ষ। ইহার উত্তর এই যে যেমন স্বযুপ্তিকালে বিদ্যার লোপ হয় না সেইকাপ প্রারক্ষ ভোগ হয় বটে কিন্তু বিদ্যা লুপ্ত হয় না অতএব তাহার মুক্তি কেন না হইবে। ১৪। ইতি চতুর্থাধ্যায়ে প্রথমপাদ।

চতুর্থাধ্যা**রে দ্বিতী**য়পাদ। প্রথমাধিকরণ।

নিয়মাণ পুরুষের বাগাদি ইন্দ্রিয় সকল যে মনেতে লীন
হয়, তাহা স্বৰূপ লয় কি বৃত্তি লয়, এই সন্দেহে শ্রুতিতে
বৃত্তিশব্দ উক্ত না হওয়াতে স্বৰূপতই লয় হয়, ইহা পূর্বে
পক্ষ। ইহার সিন্ধান্ত এই যে স্বীয় অনুপাদানে কার্য্য কথন
লয় পায় না কিন্তু বৃত্তি অনুপাদানেও লীন হইতে পারে
অহএব বৃত্তিরই লয় জানিবে। ১।

দ্বিতীয়াধিকরণ।

প্রাণেতে যে মন লীন হয় তাহা স্বয়ং লয় কি রুক্তি লয় এই সন্দেহে মনের প্রতি প্রাণের উপাদানত্ব থাকাতে, মন স্বয়ং লীন হয়, ইহা পূর্বে পক্ষ। ইহার উত্তর এই যে সাক্ষাৎ সম্বন্ধে স্বীয় কারণে কার্য্যের লয় হয় অতএব মনের গৌণ কারণ ৰূপ প্রাণে যে মনের লয় তাহাও রুক্তি লয়, স্বৰূপ লয় নহে। ২।

ভূভীয়াধিকরণ।

প্রাণ সকল ভূতে লীন হয় কি জীবে লীন হয় এইৰপ সন্দেহে প্রুতিতে ভূতে লয় কথিত হওয়াতে তাহা ভূতেই লীন হয় জীবে নহে, ইহা পূর্বে পক্ষ । ইহার সিদ্ধান্ত এই ' যে প্রুতিতে সামান্ত সমুদায় পদার্থের ভূতে লয় উক্ত হুওয়াতে প্রাণ জীবে লীন হইয়া পশ্চাৎ তাহার সহিত সমু-দায় একত্রে ভূতে লয় পাইয়া যায়। ৩।

চতুর্থাধিকরণ।

জ্ঞানি ও অজ্ঞানি উভয়ের উৎক্রান্তি সমান কি অসমান এই সন্দেহে মোক্ষরপ ও সংসাররপ কলের বিভিন্নতা হেতু তাহা সমান নহে, ইরা পূফা পক্ষ। ইহার উত্তর এই যে উৎপত্তি অবধি মৃত্যু পর্যান্ত যে বর্ত্তমান জন্মানতাহা উভয়ের সমান স্কুতরাং ঐহিক স্থে তৃঃথের ন্যায় উৎক্রান্তিও সমান কিন্তু উৎক্রান্তির পর নার্গে গমনকালে কলভেদ হেতু গতি অসমান হয়। ৪।

গঞ্মাধিকৰণ।

পরব্রেক্তে যে ভূত সকলেব লয় হয় ভাহা শ্বাপ লয় কি বৃত্তি লয় এই সন্দেহে খ্রায় উপাদান পরমাত্মাতে শ্বাপ লয়ই যুক্ত হয়, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে তত্ত্বজ্ঞানির পরমাত্মাতে স্বরূপ লয় হইলেও অজ্ঞানির বৃত্তি লয় বলিতে হইবে, নতুবা কোন জীবের আর জন্মান্তর লাত হয় না। ে।

यष्ठी धिकत्।

তত্ত্বজ্ঞানির পাণের উৎক্রান্তি হয় না বলিয়া যে উৎক্রান্তি নিষেধ করা হইয়াছে তাহা জীব হইকে পাণের
উৎক্রান্তি কি দেহ হইতে প্রাণের উৎক্রান্তি, এইরূপ সন্দেহে
জীব হইতেই উৎক্রান্তি নিষেধ করা হইয়াছে, নভুবা যদি
দেহ হইতে উৎক্রান্তি নিষেধ হইত তাহা হইলে দেহ চিরক্রাল জাবিত থাকিতে পারিত, ইহা পূর্বে পক্ষ। ইহার
উত্তর এই যে তপ্ত লৌহ পিণ্ডে জল প্রক্রেপের ন্যার

দেহেতেই পাণের লয় হয় অতএব দেহ হইতেই পাণের উৎক্রান্তি নিবারিত হইয়াছে। ৬।

সপ্তমাধিকরণ।

তত্ত্বজ্ঞানির বাগাদি ইন্দ্রিয় সকল স্ব স্ব করেণে লীন হয় কি পরমাত্বাতে লীন হয়, এই সন্দেহে কোন কোন শ্রুতিতে প্রতিষ্ঠাশন্দ বাচ্য স্বকারণে লয় উক্তি হেতু ভাহাতেই লয় হয়, ইহা পূর্ব্বপক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে অনেক শ্রুতিতে সমুদ্রে নদীর লয় দৃষ্টান্ত শ্রুত হওয়াতে উভয় শ্রুতির অবিরোধ জন্য তত্ত্বজ্ঞানিরা দেখেন যে, পর-মাত্মাতে লীন হয় কিন্তু অজ্ঞানিরা দেখেন যে স্ব কার্নৈণি লীন হয়। ৭।

অফমাধিকরণ।

ভত্ত্বজ্ঞানির বাগাদি ইন্দ্রিয় সকল যে পরমাত্বাতে লীন হয় তাহা নিঃশেষ লয় কি সাবশেষ লয় এই রূপ সন্দেহে অজ্ঞানির ইন্দ্রিয় সকলের স্বস্থ কারণে সাবশেষ লয় দর্শন হেতু জ্ঞানিরও সাবশেষ লয় হয়, ইহা পূর্ব্যপক্ষ। ইহার উত্তর এই যে প্রতিতে নাম রূপাদির নাশ উক্ত হওয়াতে ভত্ত্বজ্ঞানির ইন্দ্রিয় সকল পরমাত্বাতে নিঃশেষ লীন হয় কিন্তু জনান্তর প্রাপ্তি হেতু অজ্ঞানির স্বস্থ কারণে সাবশ্দ শেষ লয় হয়। ৮।

नगमाधिक त्र।

উপাসক ও অনুগাসকের উৎক্রান্তির কোন বিশেষ

আছে কি না এই ৰূপ সন্দেহে হৃদয়ে লিঙ্গ শরীরের
প্রান্ত তিবের সমান প্রবণ হেতু উভয়েরই উৎক্রান্তি সমান
হয়, ইহা পূর্বে পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে উপাসক
মূর্দ্ধণ্য নাড়ী দ্বারা এবং ইতরে ইতর নাড়ী দ্বারা উৎক্রান্ত
হইয়া থাকে অভএব উভয়ের উৎক্রান্তির কিশেষ আছে। ১

দশমাধিকরণ।

দিবদে মৃত জ্ঞানি ব্যক্তি উৎক্রান্তির পর রশ্মিতে গ্রমন করেন কি দিবা রাত্রি উভয়ত্র মরিলেও রশ্মিতে গ্রমন করেন এই রূপ সন্দেহে রাত্রিতে রশ্মির অভাব হৈছু দিবদে মৃত জ্ঞানিই রশ্মিতে থান, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার উত্তর এই যে গ্রীম দারা রাত্রিতেও রশ্মি অনুভব হেছু রাত্রিতেও রশ্মির অভাব হয় না, স্থতরাং রাত্রিতে মরিলেও জ্ঞানি ব্যক্তি রশ্মিতে গ্রমন করেন। ১০।

একাদশাধিকরণ।

দক্ষিণায়নে মৃত জ্ঞানী ব্যক্তি জ্ঞান কল প্রাপ্ত হয়েন কি না এই ৰূপ সন্দেহে উত্তরায়নে জ্ঞান কল উক্তি হেডু এবং ভীয়ের উত্তরায়ন পর্যান্ত প্রভীক্ষা প্রাবণ হেডু দক্ষিণা-য়নে মৃতের জ্ঞান কল প্রাপ্তি হয় না, ইহা পূর্বা পক্ষ। ইহার দিদ্ধান্ত এই যে উত্তরায়ন শব্দে কাল বিবক্ষিত নহে আতিবাহিক দেবতা বিবক্ষিত এবং ভীয়ের উত্তরায়ন প্রভীক্ষা পিতৃবরলক্ষ স্কৃত্ন মরণ জন্য, স্মৃত্এব জ্ঞানী ব্যক্তি দক্ষিণায়নে মরিলেও জ্ঞান কল প্রাপ্ত ক্রেন। ১১ নি ইতি চতুর্থাধ্যায়ে দ্বিভীয় পাদ।

চতুর্থাধ্যায়ে তৃতীয় পাদ। প্রথমাধিকরণ।

ব্রহ্মলোকে গমনের নানাবিধ পথ কি অর্চিরাদি এক মাত্র পথ এই প্রকার সন্দেহে পৃথক্ পৃথক্ বিদ্যাতে পৃথক্ পৃথক্ পথের বর্ণনা হেতু তাহা নানা বিধই হয়, ইহা পূর্বা পক্ষ। ইহার উত্তর এই বে নানা ক্রতিতে নানা রূপে উক্ত হইলেও পথ সেই অর্চিরাদি এক মাত্র, যেহেতু পঞ্চামি বিদ্যাতে সকল উপাসকের উদ্দেশে কেবল এক অর্চিরাদি মার্গাই উক্ত হইয়াছে। ১।

দিভীরাধিকরণ।

অর্চিরাদি মার্শের মধ্যে বায়ুর সন্নিবেশ হইবে কি
না এই ৰূপ সন্দেহে শুতক্রম নিষেধ হেতু বায়ু সনিবিই
হয় না, ইহা পূর্বে পদা। ইহার সিদ্ধান্ত এই নে শুতান্তরে
বায়ুর সনিবেশ কশ্পিত হওয়াতে সন্থ্যর ও আদিত্যের
মধ্যস্থলে বায়ুর সনিবেশ কর্তিবা। ২।

তৃ ীয়াধিকরণ।

অচিরাদি মার্গের মধ্যে বরুণাদির সনিবেশ ইইবে
কি না এই ব্লেপ সন্দেহে বায়ুর ন্যায় এখুলে ব্যবস্থা শুতির
অভাব হেতু বরুণাদির সন্নিবেশ হয় না, ইহা পূর্ম পক্ষা
ইহার সিদ্ধান্ত এই বে বিছাৎ সম্বন্ধি র্ফিন্ত জলের অধিপতি হেতু বিছাতের পরে বরুণাদির সন্নিবেশ তৎপরে
ইন্দ্র ওপ্রজাপতি, এই ৰূপ বরুণাদির সন্নিবেশে মর্চিন
রাদি মার্গ ব্যবস্থিত ইইয়াছে। ৩।

চতুর্থাধিকরণ।

অর্চিরাদি পদার্থ সকল পথজ্ঞাপক চ্ছ্ন কি ভোগ স্থান কি ব্রহ্ম লোক প্রাপক নেতা. এই কাণ নন্দেহে তা-হারা পথজ্ঞাপক চিছ্ন ও ভোগ ভূমি উভয় হইতে পারে যেহেতু তাহাতে চিহ্ন সাক্ষপা ও লোক শব্দ :আছে, কিন্তু নেতা নহে, ইহা পূব্য পক। ইহার উত্তর এই যে বিদ্যুৎ পুরুষের নেতৃত্ব থাকাতে তৎসাহচ্যা হেতু অন্চির্গদিরও নেতৃত্ব আছে, মতএব তাহারা মার্গ চিহ্ন বা ভোগ ভগি নহে। ৪।

পঞ্চমাধিকরণ।

উত্তর মার্গে গমন করিয়া পরব্রদ্ধ প্রাপ্তি হয় কি কার্য্য ব্রদ্ধ প্রাপ্তি হয় এই ৰূপ সন্দেহে মুখ্যত্ব ও অমৃতত্ব প্রবণ হেতু ভাহাতে পরব্রদ্ধাই প্রাপ্তি হয়, ইহা পূর্বে পক্ষ। ইহার সিদ্ধান্ত এই যে স্বৰূপ যোগ্যতা হেতু ভাহাতে কার্য্য ব্রদ্ধাই প্রাপ্তি হয়, পরব্রদ্ধা তাহা অদন্তব, অভএব সামাপা হেতু ব্রদ্ধান্তিতি এবং ক্রনেতে অমৃতত্বও হয়। ৫।

यछ। धिक्तव।

প্রতীকোপাসকের। ব্রহ্মলোকে যান কি ন' এই কপ সকেছে অবিশেষ প্রবণ হেতু ইতারাও ব্রহ্মলোকে যান, ইহা পূর্বা পক্ষ। ইহার উত্তব এই যে ব্রহ্ম ভাবনার অভাব হেতু এবং অন্য কল উক্তি জন্য প্রতীকোপাসকের। ব্রহ্ম গোলে বান কিন্তু পঞাগি বিদের যান। ৩। ।

ইতি চতুর্থাধ্যায়ে তৃর্গীয় পাদ।

চতুর্থাধ্যাবে চতুর্থপাদ। প্রথমাধিকরণ।

মুক্তির স্বরূপ স্থাদির ন্যায় জন্য কি নিত্য সিদ্ধ এই-সন্দেহে ব্রন্ধেতে অভিনিষ্পত্তি ও ফল কথনহেতু তাহা জন্য, ইহা পূর্বর পক্ষ। ইহার উত্তর এই যে স্বরূপে অভিনি-ষ্পত্তি এই স্বশন্দের অর্থ নিত্য সিদ্ধাই বুঝায়, ভবে যে ব্রহ্মান্দ্র আবির্ভাব ও অভিনিষ্পত্তি এবং ফল কথন, তাহা অজ্ঞান নাশার্থ। ১!

দ্বিতীয়াধিকরণ।

মুক্তি ত্রক্ষের স্বৰূপ কি ত্রহ্ম হইতে ভিন্ন এইৰূপ সন্দেহে কর্মাকর্জ্ ভেদ কথন হেতু ভাহা ভিন্ন, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার উত্তর এই যে সকল এচিতেই ভাহা অভিন্নৰূপে ত্রক্ষের স্বৰূপ বলিয়া উক্ত হওয়াতে অভিন্ন, তবে যে ভেদ কথন ভাহা উপচারিক ভেদনাত্র। ২।

তৃতীয়াধিকরণ।

সবিশেষ ও নির্বিশেষ উভয় ব্রন্দের স্বরূপ প্রুতিতে উক্ত হইয়াছে অতএব মুক্তি অবস্থাতে ক্রনে তাহার উভর প্রাপ্তি হয় কি এককালীন উভয় প্রাপ্তি হয় এইরূপ সন্দেহে উভয় বিরুদ্ধ হেতু কালভেদে উভয়ের ব্যবস্থা করা কর্ত্ব্য, ইহা পূর্বের পক্ষ। ইহার উত্তর এই যে জ্ঞানী ও অজ্ঞানির দুটি ভেদে সবিশ্যে ও নির্বিশেষরূপ ব্যবস্থা সম্ভব হয়, স্থভরাং দুক কালীন উভয় প্রাপ্তি হওয়া অসম্ভব নহে, অতএব কালং ভেদে ক্রম কম্পনা অযুক্ত। ৩।

চতুর্থাধিকরণ।

ভোগাবস্তুর স্টি বিষয়ে বাহ্য কোন কারণ অপেকিত কি সংকল্প মাত্র এইৰূপ সন্মেহে বস্তু সকল নানাবিধ হেতু লৌকিকের ন্যায় বাহ্য কারণ আপেকিত, ইহা পূর্ব্ব পক্ষ। ইহার সিক্ষান্ত এই যে শ্রুতিতে সংকণ্পের অবধারণহেতু, ভাহাই ভোগা স্টির কারণ, বস্তুর নালাবিধান্ত কেবল চিন্তা-মাত্র। ৪:

পঞ্চমাধিকরণ।

মুক্তি কালে দেহের ভাব ও অভাব উভয়ই শ্রুভিতে উক্ত হইয়াছে, অতএব তাছা ব্যবস্থিত কি ঐচ্চিক হইবে, এই-কুপ সন্দেহে তাহা বিরুদ্ধ হেতু পুরুষভেদে ব্যবস্থিত হয়, ইহা পূর্বা পক্ষ। ইহার উত্তর এই যে স্বপু জাগ্রহ ভোগের ন্যায় চুয়ের অবিরোধ বশতঃ এক পুরুষেতেই কালভেদে এ উভয় ঐচ্চিক সন্তর হয়। ৫।

षष्ठाधिक त्र ।

শ্রুতিতে যে অনেক দেহ উক্ত হইয়াছে তাহার। সকলেই নিরাত্মক কি সাত্মক এইকপ সন্দেহে আত্মাও মনের
অভিন্নতা হেতু একই সাত্মক তছিল নিরাত্মক, ইহা পূর্বে পক্ষ।
ইহার উত্তর এই যে এক দীপ হইতে অনেক দীপের ন্যায়
এক মন হইতে অনেক মন আবিভূতি হয় অতএব মনোব'ছিল আত্মা দ্বারা সকলেই সাত্মক শ্রুতিতে উক্ত ২ইয়াছে। ৬

সপ্রমাধিকরণ।

যে গীদিগের জগৎ স্রফ্র আছে কি না এইৰাপ সনদহ উপস্থিত হইলে স্বারাজ্য প্রভৃতি নিরবগ্রহ ঐশ্বর্য কথন
হেতু তাঁশার দিগের স্রফ্র আছে, ইহা পূর্যে পক্ষ। ইহার
দিলোন্ত এই যে ফুটি বিষয়ে তাঁহাদিগের নিস্পুরোজন প্রযুক্ত
সুক্তি। নাই, ঈশ্বর তাঁহার দিগের ভোগের নিনিত্ত স্থারাজ্য দেন ও বিদ্যা দ্বারা মুক্তি দেন। ৭।

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থ পান। চতুর্থাধ্যায় সমাপ্ত। গ্রন্থ সম্পূর্ণ।